রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৩, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

## প্রজ্ঞাপন

তারিখ, ১৭ ফাল্গুন ১৪১১/১ মার্চ ২০০৫

**এস, আর, ও নং-৫৬-আইন/২০০৫।**—The Explosives Act, 1884 (IV of 1884) এর section-5, 7, 9(4) এবং 9A(6) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, গ্যাসপূর্ণ আধারকে বিস্ফোরক হিসাবে ঘোষণা সংক্রান্ত ৩রা অক্টোবর, ১৯৮৯ খ্রিষ্টাব্দ মোতাবেক ১৮ই আশ্বিন, ১৩৯৬ বঙ্গাব্দ তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ৩৩৯-আইন/৮৯ এর সহিত পঠিতব্য, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যাহা উক্ত Act এর section 18 এর বিধান মোতাবেক ৩০ মাঘ ১৪১০/ ১২ ফেব্রুয়ারী ২০০৪ তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও নং ৩২-আইন/২০০৪ দ্বারা প্রাক-প্রকাশনা করিয়াছিল, যথা ঃ—

## বিধিমালা

### প্রথম অধ্যায়
### প্রারম্ভিক

১। **সংক্ষিপ্ত শিরনামা।**—এই বিধিমালা সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) বিধিমালা, ২০০৫ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) "এ্যাক্ট" অর্থ The Explosives Act, 1884 (IV of 1884) ;

(২) 'আধার' বা 'গ্যাসাধার' অর্থ এক হাজার লিটারের বেশী জলধারণ ক্ষমতাসম্পন্ন কোন ধাতব আধার যাহা সিএনজি মজুদ বা পরিবহণের কাজে ব্যবহৃত হয় ;

(৩) "উদস্থিতি প্রসারণ পরীক্ষণ" অর্থ কোন সিলিন্ডারের পরীক্ষা চাপের সমপরিমাণ জলচাপ প্রয়োগ করিয়া উক্ত সিলিন্ডারের যে পরীক্ষা করা হয় সেই পরীক্ষা ;

(৪) 'উপগ্রহ রিফুয়েলিং স্টেশন' অর্থ এমন রিফুয়েলিং স্টেশন যেখানে মূল রিফুয়েলিং স্টেশন হইতে স্থানান্তরযোগ্য আধারের মাধ্যমে সিএনজি সংগ্রহ করা হয় ;



মূল্য ঃ টাকা ১০.০০

(৫) "উপযুক্ত" বলিতে প্রধান পরিদর্শক কর্তৃক উপযুক্ত বলিয়া বিবেচিত ব্যক্তি বা সরঞ্জামকে বুঝাইবে ;

(৬) "কার্যচাপ" অর্থ সিএনজি কর্তৃক ২১ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রায়, সিলিন্ডারে বা আধারে প্রযুক্ত চাপ ;

(৭) "গ্যাসপূর্ণ সিলিন্ডার" অর্থ এমন সিলিন্ডার যাহাতে প্রাকৃতিক গ্যাস এইরূপে ভর্তি করা হইয়াছে যে, উক্ত সিলিন্ডারের অভ্যন্তরভাগের প্রতি বর্গ সেন্টিমিটারে উক্ত গ্যাস ২১ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রায় গেজের মাপে অন্যূন ২ কিলোগ্রাম চাপ প্রয়োগ করিতে পারে ;

(৮) "গ্যাস সিলিন্ডার" বা "সিলিন্ডার" অর্থ অন্যূন ৫০০ মিলিলিটার কিন্তু অনূর্ধ্ব ১০০০ লিটার জলধারণ ক্ষমতাসম্পন্ন কোন আবদ্ধ ধাতব আধার যাহা সিএনজি মজুদ বা পরিবহণের কাজে ব্যবহৃত হয় ;

(৯) "জলধারণ ক্ষমতা" অর্থ ১৫ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রায় লিটারের হিসাবে জলধারণ ক্ষমতা ;

(১০) "জেলা কর্তৃপক্ষ" অর্থ ডেপুটি কমিশনার ; এবং অতিরিক্ত ডেপুটি কমিশনারও ইহার অন্তর্ভুক্ত হইবেন ;

(১১) "টেয়ার ওজন" অর্থ সিলিন্ডারের সহিত স্থায়ীভাবে সংলগ্ন যন্ত্র বা ফিটিংস ও ভাল্ভের ওজনসহ্ সিলিন্ডারের ওজন ;

(১২) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল ;

(১৩) "ধারা" অর্থ এ্যাক্টের কোন section ;

(১৪) "ধারণপত্র" অর্থ সিএনজি মজুদ ও পরিবহণের জন্য ব্যবহৃত সিলিন্ডার বা আধার;

(১৫) "ধীরগতি ভর্তি (trickle filling)" অর্থ ধারণপাত্রে সিএনজি মজুদ না করিয়া প্রাকৃতিক গ্যাস লাইন হইতে অন্যূন ২ ঘন্টায় কোন যানবাহনে সরাসরি জ্বালানী আধারে সিএনজি ভর্তি করা ;

(১৬) "পরিদর্শক" অর্থ এ্যাক্টের ৭(১) ধারার অধীন সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তা ;

(১৭) "পরিবহণ যান" অর্থ সিএনজি পূর্ণ আধার পরিবহণের জন্য ব্যবহৃত যান ;

(১৮) "প্রধান পরিদর্শক" অর্থ 'The Chief Inspector of Explosives in Bangladesh" ;

(১৯) "প্রাকৃতিক গ্যাস" বা "গ্যাস" অর্থ প্রাকৃতিকভাবে প্রাপ্ত গ্যাস যাহা অন্যূন শতকরা ৯৭ ভাগ মিথেন ;

(২০) "ফরম" অর্থ এই বিধিমালার কোন ফরম ;

(২১) "বিস্ফোরক পরিদর্শক" অর্থে উপ-প্রধান বিস্ফোরক পরিদর্শক এবং সহকারী বিস্ফোরক পরিদর্শকও অন্তর্ভুক্ত হইবে ;

(২২) "ব্যক্তি" অর্থে কোন ব্যক্তিসংঘ, ব্যবসা প্রতিষ্ঠান, কোম্পানী এবং সংবিধিবদ্ধ কোন সংস্থাও অন্তর্ভুক্ত হইবে ;

(২৩) "মূল রিফুয়েলিং স্টেশন" অর্থ যে স্টেশন প্রাকৃতিক গ্যাস পাইপ লাইন হইতে কমপ্রেসারের মাধ্যমে গ্যাস সংগ্রহ করিয়া যানবাহনের ধারণপাত্রে এবং উপগ্রহ স্টেশনে স্থানান্তরযোগ্য ধারণপাত্রে সিএনজি সরবরাহ করে ;

(২৪) "রিফুয়েলিং স্টেশন" অর্থ স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী সরবরাহের জন্য বিশেষভাবে নির্মিত স্থাপনা ;

(২৫) "লাইসেন্স" অর্থ বিধি ৮৭ (৫) এর অধীন প্রদত্ত কোন লাইসেন্স ;

(২৬) "সিএনজি" (সংকুচিত প্রাকৃতিক গ্যাস) অর্থ স্বয়ংক্রিয় যানের জ্বালানী হিসাবে ব্যবহার্য সংকুচিত প্রাকৃতিক গ্যাস যাহা গেজের মাপে প্রতি বর্গ সেন্টিমিটারে অন্যূন ১৬৫ কেজি চাপ প্রয়োগ করে ;

(২৭) "সংরক্ষণীয় পূর্তকর্ম" অর্থ মানুষ বা গৃহপালিত জীবজন্তুর বসবাস বা অবস্থানের জন্য অথবা জনসমাবেশের জন্য ব্যবহৃত কোন ভবন বা স্থান অথবা এমন কোন স্থান যেখানে পেট্রোলিয়াম অথবা অন্য কোন দাহ্য পদার্থ মজুদ করা হয়, এবং কোন ডক, জাহাজঘাট, চুল্লি, কয়লা মজুদ প্রাঙ্গণ, রেললাইন, সড়ক, পার্ক এবং উচ্চ চাপসম্পন্ন বৈদ্যুতিক লাইনও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে ;

(২৮) "স্বীকৃত" অর্থ প্রধান পরিদর্শক কর্তৃক স্বীকৃত।

## দ্বিতীয় অধ্যায়
## সাধারণ বিধানাবলী

৩। **সিএনজি বিপণন কোম্পানীর প্রাকযোগ্যতা।**—(১) সরকার যদি দেশের কোন নির্দিষ্ট অঞ্চলে সিএনজিকে স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী হিসাবে বিপণন করিতে কোন কোম্পানীকে একচ্ছত্র অধিকার প্রদান করে, সেক্ষেত্রে উক্ত কার্যক্রম পরিচালনায় আগ্রহী কোম্পানীর নিম্নবর্ণিত যোগ্যতা ও সুবিধাদি থাকিতে হইবে, যথা ঃ—

(ক) এই বিধিমালার অধীন অনুমোদিত রূপান্তরকরণ ওয়ার্কশপ ;

(খ) এই বিধিমালা বা গ্যাস সিলিন্ডার বিধিমালা, ১৯৯১ অথবা গ্যাসাধার বিধিমালা, ১৯৯৫ এর অধীনে অনুমোদিত সিলিন্ডার বা ক্ষেত্রমত গ্যাসাধার পরীক্ষা কেন্দ্র ;

(গ) সিএনজি রিফুয়েলিং স্টেশন এবং রূপান্তর কারখানার শ্রমিক-কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা।

(২) কোন সিএনজি রিফুয়েলিং স্টেশন উপ-বিধি (১) এ উল্লিখিত বিপণন কোম্পানী নিজে বা তৎকর্তৃক নিয়োজিত ডিলারের মাধ্যমে পরিচালনা করিতে পারিবে। কোন সিএনজি রিফুয়েলিং স্টেশন ডিলারের মাধ্যমে পরিচালিত হইলেও বিপণন কোম্পানী এই বিধিমালার বিধানাবলী এবং লাইসেন্সের শর্তাবলী পালনে বাধ্য থাকিবে ।

৪। **সিএনজি কার্যক্রম পরিচালনার জন্য আবেদন।**—(১) বিধি ৩ অনুসারে স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী হিসাবে প্রাকৃতিক গ্যাসকে সংকোচনকরণ, সিএনজি মজুদ, সিলিন্ডারে বা আধারে সিএনজি ভর্তি বা বিতরণ অথবা তৎসংশ্লিষ্ট নির্মাণ বা কোন কার্যক্রম পরিচালনা করিবার জন্য বা স্বয়ংক্রিয় ইঞ্জিনকে সিএনজিতে চালাইবার উপযোগী করিবার জন্য রূপান্তর কারখানা স্থাপন করিতে আগ্রহী কোম্পানীকে সরকারের অনুমোদনের জন্য নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে ফরম-ক অনুযায়ী আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর সরকার এই বিধিমালার বিধান অনুসারে আবেদনকারীর অর্থনৈতিক ও কারিগরী সামর্থ বিবেচনা করিয়া উক্ত আবেদন অনুমোদন অথবা প্রত্যাখ্যান করিতে পারিবে।

(৩) উপ-বিধি (৫) অনুসারে ইতিপূর্বে বাতিল করা না হইলে উপ-বিধি (২) এ প্রদত্ত অনুমোদন পনের বৎসর বলবৎ থাকিবে; এবং নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে উক্তরূপ অনুমোদনের সময়সীমা পর্যায়ক্রমে পাঁচ বৎসর করিয়া বর্ধিত করা যাইবে।

(৪) অনুমোদনপ্রাপ্ত কোন কোম্পনী অনুমোদনের সময়সীমা বর্ধিত করিতে ইচ্ছুক হইলে অনুমোদনের মেয়াদ উত্তীর্ণ হওয়ার অন্যূন তিন মাস পূর্বে সরকারের নিকট আবেদন করিতে হইবে।

(৫) নিম্নবর্ণিত যে কোন কারণে সরকার কোন অনুমোদন বাতিল করিতে পারিবে, যথা ঃ—

(ক) সরকার যদি মনে করে যে, অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি আর্থিক অসচ্ছলতার কারণে আরোপিত দায়িত্ব ও কর্তব্য সম্পূর্ণভাবে এবং দক্ষতার সহিত পালনে অক্ষম ;

(খ) যদি অনুমোদনপ্রাপ্ত কোম্পনী কর্তৃক অনুমোদন পত্রের কোন শর্ত লংঘন করা হইলে এবং লিখিতভাবে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রতিকারের জন্য সরকারের নির্দেশপ্রাপ্ত হওয়ার পরেও উহা সংশোধন না করা ; এবং

(গ) যদি এই বিধিমালার অধীনে মঞ্জুরীকৃত সিএনজি রিফুয়েলিং স্টেশনের লাইসেন্স বাতিল করা হয়।

৫। **স্বায়ংক্রিয় ইঞ্জিনকে সিএনজিতে চালাইবার উপযোগী করিবার জন্য রূপান্তর কারখানা স্থাপন।**—(১) স্বয়ংক্রিয় ইঞ্জিনকে সিএনজিতে চালাইবার উপযোগী করিবার উদ্দেশ্যে রূপান্তর কারখানা স্থাপনে আগ্রহী ব্যক্তি বা কোম্পানীকে সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে ফরম-খ অনুযায়ী আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনপ্রাপ্তির পর উপ-বিধি (১) এ উল্লিখিত কর্তৃপক্ষ এই বিধিমালার বিধান অনুসারে আবেদনকারীর কারিগরী সামর্থ বিবেচনা করিয়া উক্ত আবেদন অনুমোদন অথবা প্রত্যাখ্যান করিবে।

(৩) রূপান্তর কারখানায় যথোপযুক্ত ও নিরাপদ রূপান্তরকরণের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি থাকিতে হইবে এবং উহা পরিচালনার জন্য দক্ষ ও অভিজ্ঞ প্রকৌশলী এবং অন্যান্য টেকনিশিয়ান থাকিতে হইবে।

(৪) রূপান্তর কারখানায় রূপান্তরিত যানবাহনের ইমিশন (emission) মাত্রা পরিমাপের যথোপযুক্ত যন্ত্রপাতি ও সরঞ্জাম থাকিতে হইবে।

৬। **গ্যাস সরবরাহের বিধান।**—(১) যানবাহনের গ্যাস সরবরাহের ক্ষেত্রে—

(ক) উপগ্রহ রিফুয়েলিং স্টেশন নয় এমন রিফুয়েলিং স্টেশন এর সহিত গ্যাস সংযোগের জন্য স্থানীয় গ্যাস সঞ্চালন বা বিতরণ কোম্পানীর নিকট হইতে অনুমোদন গ্রহণ করিতে হইবে ; এবং

(খ) প্রাকৃতিক গ্যাস নিরাপত্তা বিধিমালা, ১৯৯১ এর প্রযোজ্য বিধানাবলী পরিপালন করিতে হইবে।

৭। **সিএনজি রিফুয়েলিং স্টেশন নির্মাণ ও পরিচালনায় বাধা-নিষেধ।**—এই বিধিমালার অধীনে মঞ্জুরীকৃত লাইসেন্স ব্যতীত কোন ব্যক্তি স্বয়ং সিএনজি রিফুয়েলিং স্টেশন নির্মাণ করিতে পারিবেন না বা অন্য কাহারো মাধ্যমে করাইতে পারিবেন না এবং কোন ব্যক্তি সিএনজি রিফুয়েলিং স্টেশন পরিচালনা করিতে পারিবেন না।

৮। **সিএনজি গন্ধযুক্তকরণ।**—সতর্কীকরণ পদার্থ সংযোগে সিএনজিকে এমনভাবে গন্ধযুক্ত করিতে হইবে যেন বাতাসে নিম্ন প্রজ্বলন সীমার এক-পঞ্চমাংশ ঘনত্বে উক্ত পদার্থের স্বতন্ত্র গন্ধ অনুভব করা যায়।

৯। **সনাক্তকরণ ও সতর্কীকরণ লেবেল ইত্যাদি।**—(১) প্রতিটি সিএনজি রিফুয়েলিং স্টেশনে বিপজ্জনক পদার্থ সংক্রান্ত জাতিসংঘের সুপারিশকৃত, ২৮৯ বর্গ সে. মি. (১৭ সে. মি. × ১৭ সে. মি.) আকারের নিরাপত্তা লেবেল লাগাইতে হইবে।

(২) সিএনজি রিফুয়েলিং স্টেশনে "ধুমপান বা আগুন নিষিদ্ধ" সতর্কবাণীসম্বলিত সাইনবোর্ড অথবা লেবেল লাগাইতে হইবে, যাহার প্রতিটি অক্ষরের ক্ষেত্রফল হইবে অন্যূন ২৫ বর্গ সে. মি.।

(৩) লাইসেন্সধারীর নাম ও লাইসেন্স নম্বর সিএনজি রিফুয়েলিং স্টেশন প্রাঙ্গণে লিপিবদ্ধ করিয়া রাখিতে হইবে।

১০। **ধুমপান, আগুন এবং বাতি ইত্যাদি নিষিদ্ধ।**—সিএনজি রিফুয়েলিং স্টেশনে ধুমপান করা যাইবে না এবং দিয়াশলাই, আগুন, বাতি বা প্রাকৃতিক গ্যাসে আগুন জ্বালাইতে সক্ষম এমন কোন পদার্থ আনা যাইবে না।

১১। **দুর্ঘটনা প্রতিরোধে বিশেষ সতকর্তা।**—(১) সিএনজি রিফুয়েলিং স্টেশনে কর্মরত প্রত্যেক ব্যক্তি অগ্নিকান্ড অথবা বিস্ফোরণ ঘটাইতে পারে এমন কোন কার্য করিবেন না বা করিতে চেষ্টা করিবেন না অথবা কাহাকেও করিতে দিবেন না।

(২) সিএনজি রিফুয়েলিং স্টেশনে নিয়োজিত প্রত্যেক ব্যক্তি সর্বদা—

(ক) এই বিধিমালার বিধানাবলী এবং লাইসেন্সের শর্তাবলী পালন করিবেন ;

(খ) অগ্নিকান্ড এবং বিস্ফোরণজনিত দুর্ঘটনা প্রতিরোধকল্পে সকল পূর্ব সতর্কতা অবলম্বন করিবেন।

১২। **অপ্রাপ্ত বয়স্ক এবং নেশাগ্রস্থ লোক নিয়োগ নিষেধ।**—১৮ বৎসরের কম বয়স্ক বা অপ্রকৃতিস্থ বা নেশাগ্রস্থ কোন ব্যক্তিকে সিএনজি রিফুয়েলিং স্টেশনে নিয়োগ করা যাইবে না।

১৩। **উপযুক্ত ব্যক্তির অধীনে কার্যপরিচালনা।**—সিএনজি রিফুয়েলিং স্টেশনের সকল কার্যক্রম একজন উপযুক্ত ব্যক্তি কর্তৃক বা তাহার অধীনে পরিচালিত হইবে যিনি সংশ্লিষ্ট লাইসেন্সের শর্তাবলী সম্পর্কে বিশেষভাবে অবহিত থাকিবেন।

## তৃতীয় অধ্যায়

## স্বয়ংক্রিয় যানের ইঞ্জিনকে সিএনজি দ্বারা চালাইবার জন্য রূপান্তর

১৪। **রূপান্তর প্রক্রিয়া**।—(১) কোন স্বয়ংক্রিয় যানের ইঞ্জিনকে সিএনজি দ্বারা চালাইবার জন্য রূপান্তরের সরঞ্জামাদি (kit) দক্ষ প্রকৌশলগত প্রণালীতে স্থাপন করিতে হইবে।

(২) প্রাকৃতিক গ্যাস চালিত যানবাহন সম্বন্ধে পর্যাপ্ত জ্ঞানসম্পন্ন একজন যোগ্য প্রকৌশলী অথবা তাহার সরাসরি তত্ত্বাবধানে কার্যরত অন্য কোন প্রকৌশলী দ্বারা রূপান্তরকরণ কার্যক্রম সম্পাদিত হইতে হইবে।

(৩) রূপান্তরের সরঞ্জামাদি (conversion kit) টেকসই এবং দক্ষ প্রকৌশলগত প্রণালীতে নির্মিত হইতে হইবে এবং এই জন্য এমন রূপান্তর সরঞ্জামাদি নির্বাচন করিতে হইবে যাহা নিম্নচাপ পতনের জন্য ডিজাইনকৃত।

(৪) স্থাপিতব্য ফুয়েল মিক্সার, (Fuel Mixer),.যাহার মাধ্যমে ইঞ্জিনের ভিতরে বায়ু এবং নিয়ন্ত্রিত পরিমাণ জ্বালানীর মিশ্রণ প্রবেশ করে, নির্দিষ্ট ইঞ্জিনের সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে।

(৫) যাত্রী কক্ষকে উষ্ণ করিবার জন্য ইঞ্জিন কক্ষ হইতে বায়ু আহরণ করে এমন ধরনের যানে রূপান্তর সরঞ্জামাদি (conversion kit) স্থাপন করা যাইবে না, যদি না যাত্রী কক্ষকে গ্যাস নিরোধী করা হয়।

(৬) যেহেতু সিএনজি ধারণ পাত্রের ওজন কোন যানের টেয়ার ওজনের উপর প্রভাব ফেলে সেইহেতু রূপান্তরের পূর্বে অ্যাক্সেলের (axle) ভারের ব্যাপারে আইনগত ও প্রস্তুতকারী কর্তৃক নির্ধারিত মানদন্ড (rating) বিবেচনায় নিতে হইবে।

(৭) কোন অবস্থায় কোন যানের সন্ধিক্ষণ ভর বিন্যাস (critical load distribution) প্রভাবিত করিবার মাধ্যমে নিরাপত্তা বিঘ্নিত করিয়া কোন যানের ইঞ্জিনকে রূপান্তর করা যাইবে না।

১৫। **সিএনজি জ্বালানী ব্যবস্থায় যানবাহনের রূপান্তর**।—যদি কোন যান মূল সরঞ্জাম নির্মিত (original equipment manufactured) কারখানায় নির্মিত না হয় এবং প্রাকৃতিক গ্যাসকে সর্বোচ্চ মাত্রায় দহন করিবার জন্য ডিজাইনকৃত না হয়, তবে উক্ত যানকে সিএনজি জ্বালানী ব্যবস্থায় নিম্নের যে কোন ধরনে রূপান্তর করা যাইবে, যথা ঃ—

(ক) দ্বি-জ্বালানী (bi-fuel) চালিত যান, যাহা প্রাকৃতিক গ্যাস বা গ্যাসোলিনে চলে ;

(খ) দ্বৈ-জ্বালানী (duel-fuel) চালিত যান, যাহাতে প্রাকৃতিক গ্যাসকে ডিজেল ইঞ্জিনে প্রবিষ্ট করা হয় এবং ডিজেলের সূচনা প্রবাহের (pilot flow) মাধ্যমে দহন হয় ; এবং

(গ) স্ফুলিঙ্গ দহন পদ্ধতির কার্বোরেটর অথবা ফুয়েল ইনজেকশান ব্যবস্থাসম্পন্ন কেবল গ্যাস চালিত (gas dedicated) যান।

১৬। **যানের সিএনজি জ্বালানী ব্যবস্থা**।—(১) সিএনজি দ্বারা চালিত একটি যানে জ্বালানী সরবরাহের জন্য সিএনজি সার্ভিসের উপযোগী এবং চাপ-প্রশমন ব্যবস্থা ও হস্ত-চালিত একটি বন্ধকরণ ভাল্‌ভযুক্ত ধারণপাত্র, পশ্চাদ-প্রবাহ (back flow) প্রতিরোধকল্পে চেক-ভাল্‌ভযুক্ত ভর্তিকরণ সংযোগ লাইন, ধারণ পাত্রের ভাল্‌ভ এর ভাটিতে (down stream) হস্ত-চালিত একটি ভাল্‌ভ, কোন কারণে

ইঞ্জিন বন্ধ হইয়া গেলে স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হইয়া যাওয়ার উপযোগী একটি স্বয়ংক্রিয় ভাল্‌ব, ধারণ পাত্রের চাপ হ্রাস করিয়া ইঞ্জিন পরিচালন চাপমাত্রায় আনয়নের চাপ নিয়ন্ত্রক (pressure regulator), প্রজ্বলনীয় মিশ্রণ তৈরীর একটি ফুয়েল মিক্সার এবং ধারণ পাত্রের চাপমাত্রা নির্ণয়ের একটি গেজ থাকিবে।

(২) রূপান্তর সরঞ্জামের যে কোন অংশ এই বিধিমালার চতুর্থ অধ্যায়ের বিধানের সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে।

১৭। **বৈদ্যুতিক সংযোগ ব্যবস্থা।**—(১) সিএনজি ফিলিং স্টেশন বা সিএনজি চালিত যানে ব্যবহৃত সমস্ত বৈদ্যুতিক তারকে যথাযথভাবে আটকাইয়া, ফিতা দ্বার মোড়াইয়া স্থাপন করিতে হইবে এবং বৈদ্যুতিক সার্কিটকে একটি বিদ্যুৎ নিয়ন্ত্রক ব্যবস্থার সহিত যুক্ত রাখিতে হইবে।

(২) পরিচালনার সময় অথবা নিয়মমাফিক মেরামত কাজের সময় ভূ-সংযোগজনিত দুর্ঘটনা প্রতিরোধকল্পে বৈদ্যুতিক তারের সংযোগস্থল এবং শেষ প্রান্তসমূহ বিদ্যুৎ নিরোধক রাখিতে হইবে।

১৮। **উপযুক্ত ব্যক্তির তত্ত্বাবধানে রূপান্তর সরঞ্জামাদি (conversion kit) স্থাপন।**— রূপান্তর সরঞ্জামাদি প্রাকৃতিক গ্যাস চালিত যানবাহন সম্বন্ধে পর্যাপ্ত জ্ঞানসম্পন্ন একজন যোগ্য প্রকৌশলী অথবা তাহার সরাসরি তত্ত্বাবধানে অন্য কোন প্রকৌশলী দ্বারা কোন যানে স্থাপন করিতে হইবে।

১৯। **রূপান্তর সরঞ্জামাদি স্থাপনের পর পরিদর্শন।**—(১) কোন যান সিএনজি দ্বারা চালাইবার উপযোগী করিয়া রূপান্তরের পর প্রারম্ভিক ব্যবহারের পূর্বে সম্পূর্ণ ব্যবস্থাটি বাংলাদেশ পেট্রোলিয়াম ইনষ্টিটিউট হইতে এই বিষয়ে সফল প্রশিক্ষণপ্রাপ্ত একজন উপযুক্ত ব্যক্তি কর্তৃক পরিদর্শন করিতে হইবে এবং এই বিধিমালা অনুযায়ী রূপান্তরিত যানের কার্যকারিতা সন্তোষজনক হইলে উপযুক্ত ব্যক্তি কর্তৃক সেই মর্মে একটি প্রত্যয়নপত্র রূপান্তরিত যানের মালিককে প্রদান করিতে হইবে এবং রূপান্তরিত যানের মালিক উক্ত প্রত্যয়নপত্র সংরক্ষণ করিবেন।

(২) নির্ধারিত মেয়াদ অন্তর একজন উপযুক্ত ব্যক্তির ধারণপাত্র, পাইপ ও সিএনজি ব্যবস্থার অন্যান্য যন্ত্রাংশ পরীক্ষা করিয়া দেখিবেন যে, সেইগুলি ক্ষয়, বিকৃতি বা পরিবর্তন হইয়া এই বিধিমালার সহিত অসামঞ্জস্যপূর্ণ হইয়াছে কি না।

২০। **ছিদ্র পরীক্ষা।**—(১) চাপ নিয়ন্ত্রকের সম্মুখস্থ সমস্ত ব্যবস্থা ছিদ্র অনুসন্ধানের জন্য সাবান ফেনা (Soaf buble) পদ্ধতিতে পরীক্ষা করিতে হইবে ; এবং চাপ নিয়ন্ত্রকের উজানের অংশ সিএনজি দ্বারা অন্যূন ১৬৫ কিলোগ্রাম/বর্গ সেন্টিমিটার কিন্তু অনধিক ২০০ কিলোগ্রাম বর্গ সেন্টিমিটার চাপে পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করিতে হইবে এবং পরীক্ষায় কোন ছিদ্র পাওয়া গেলে তাহা সংশোধন করিতে হইবে।

(২) ছিদ্র অনুসন্ধান পরীক্ষা বায়ু চলাচল উপযোগী উন্মুক্ত স্থানে, কোন খোলা অগ্নিশিখা অথবা অন্য কোন অগ্নি উৎস হইতে কমপক্ষে ৫ মিটার দূরে সম্পাদন করিতে হইবে।

## চতুর্থ অধ্যায়
## রূপান্তর সরঞ্জামাদির উপকরণ
### প্রথম অংশ ঃ সাধারণ

২১। **রূপান্তর সরঞ্জামাদির মান।**—(১) রূপান্তর সরঞ্জামাদির আকার ইঞ্জিনের ক্ষমতার সহিত যথাযথভাবে খাপ খাইতে হইবে, সরঞ্জামাদি নির্বাচন এবং স্থাপন প্রস্তুতকারীর নির্দেশনা অনুসারে করিতে হইবে।

(২) ইঞ্জিন প্রকোষ্ঠে ব্যবহৃত যন্ত্রাংশসমূহ ১২০ ডিগ্রি সেন্টিগ্রেড পর্যন্ত তাপমাত্রায় কার্যোপযোগী হইতে হইবে এবং অন্যান্য উপকরণ ৮২ ডিগ্রী সেন্টিগ্রেড পর্যন্ত তাপ মাত্রায় কার্যোপযোগী হইতে হইবে।

(৩) গ্যাস রেগুলেটরের প্রথম পর্যায় এবং জ্বালানী আধারের মধ্যে অ্যালুমিনিয়াম বা তামার পাইপ, নল বা অনুরূপ যন্ত্রাংশ ব্যবহার করা যাইবে না।

(৪) জ্বালানী সঞ্চালনের যন্ত্রাংশে নিম্নবর্ণিত বিষয়গুলি লেবেলকৃত অথবা খোদাইকৃত অবস্থায় থাকিতে হইবে, যথা ঃ—

(অ) প্রস্তুতকারীর নাম বা সংকেত ;

(আ) যে মান সূচক বিনির্দেশ অনুযায়ী উপকরণটি তৈরী উহার নাম ও নাম্বার ;

(ই) ডিজাইন কার্যচাপ ;

(ঈ) সঠিক সংযোজনের জন্য জ্বালানী প্রবাহের দিক নির্দেশনা ; এবং

(উ) ক্ষমতা বা বৈদ্যুতিক রেটিং যাহা প্রযোজ্য।

২২। **ধারণপাত্রের অবস্থান।**—(১) ধারণপাত্র সুরক্ষিত অবস্থানে স্থাপিত হইবে যাহাতে ধাক্কাজনিত আঘাতে বিনষ্ট না হয়।

(২) ধারণপাত্রের কোন অংশ বা উহার সহিত সংযুক্ত কোন সরঞ্জাম মোটর যানের বাহিরে প্রসারিত থাকিবে না।

(৩) গাড়ীর পিছনের বাম্পারের খাড়া প্রান্তের পশ্চাতে বা সম্মুখ এক্সেলের সামনে জ্বালানী সরবরাহের ধারণপাত্র বা উহার সহিত সংযোজিত সরঞ্জাম স্থাপন করা যাইবে না।

(৪) সিএনজি ধারণপাত্র যানের নীচে সংযোজনের ক্ষেত্রে ভূ-পৃষ্ট ও গাড়ীর মধ্যের প্রয়োজনীয় ফাঁকা জায়গা হ্রাস করা যাইবে না।

(৫) সিএনজি ধারণপাত্র এমনভাবে স্থাপিত হইবে যাহাতে আধারের তাপমাত্রা কোন ভাবে ৪৫ ডিগ্রী সেন্টিগ্রেডের উপরে না উঠে এবং কোন ক্ষেত্রেই সিএনজি ধারণপাত্র ও বর্জ্য ধোঁয়া নির্গমন নলের মাঝে ৭.৫ সে.মি. এর কম ফাঁকা জায়গা গ্রহণযোগ্য হইবে না ;

(৬) সিএনজি আধার এমনভাবে স্থাপিত হইবে যাহাতে ভাল্‌ভ হইতে গ্যাস নির্গত হইলে তাহা চালকের কক্ষে বা যাত্রী কক্ষে প্রবেশ করিতে না পারে।

২৩। **বর্মাচ্ছাদন।**—(১) উপযুক্ত স্থানে স্থাপনের মাধ্যমে বা পৃথক বর্মের সাহায্যে ধারণপাত্র ও তৎসংযুক্ত যন্ত্রাংশকে যথোপযুক্তভাবে আচ্ছাদিত করিতে হইবে যাহাতে ঘূর্ণায়মান স্যাফ্‌ট এর বিচ্যুতির ফলে এবং ধাবমান বস্তু বা বাহির হইতে নিক্ষিপ্ত কোন বস্তুর আঘাতে বা অন্য কোনভাবে সিএনজি ধারণপাত্র ক্ষতিগ্রস্ত হইতে না পারে।

(২) ইঞ্জিন বা বর্জ্য ধূয়া নির্গমন নল হইতে ২০ সে. মি. এর কম দূরত্বে সিএনজি ধারণপত্র স্থাপিত হইলে ধারণপাত্রকে তাপ হইতে রক্ষার জন্য পর্যাপ্ত আচ্ছাদিত করিতে হইবে।

২৪। **বায়ু চলাচল ব্যবস্থা**।—(১) গাড়ীর প্রকোষ্ঠের ভিতরে সিএনজি ধারণপাত্র স্থাপিত হইলে উক্ত কক্ষে পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা রাখিতে হইবে।

(২) নির্গত কোন গ্যাস যাহাতে নিরাপদে বাহিরে নির্গমিত হইতে পারে সেইজন্য সেফটি ব্যাগ স্থাপনের ব্যবস্থা করিতে হইবে।

(৩) বায়ু চলাচল ব্যবস্থা সিএনজি ধারণপাত্রের চাপ প্রশমন ব্যবস্থা বা চাপ প্রশমন প্রণালীর (channel) পরিচালন ব্যহত করিবে না।

২৫। **ধারণপত্র স্থাপন**।—(১) প্রতিটি ধারণপাত্রের তাক (rack) যানবাহনের গায়ে, তালায় বা কাঠামোর সহিত এমন পদ্ধতিতে দৃঢ়ভাবে সংযুক্ত করিতে হইবে যাহাতে যানের লম্বালম্বি অক্ষের দিকে গ্যাস ভর্তি ধারণপাত্রের ওজনের বিশগুণ স্থিরবল (static force) এবং অন্য যে কোন দিকে আটগুণ স্থিরবল সহ্য করিয়া সড়ক দুর্ঘটনা, পিছলাইয়া পড়া, ঢিলা হইয়া যাওয়া বা ঘূর্ণনের ফলে ধারণপাত্রের ক্ষতি প্রতিহত হয়।

(২) সংযুক্তিকরণ পদ্ধতি এমন হইবে যাহাতে ধারণপাত্রের খোল (shell) পীড়ন বা ক্ষয়প্রাপ্ত না হয়।

(৩) ধারণপাত্র আটকাইবার উপকরণ ও পদ্ধতিতে ধারণপাত্র ও আটকাইবার কাঠামোর মধ্যে গ্যাসকেট (gasket) এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে আন্দোলনজনিত ক্ষয় না হয়।

(৪) সিএনজি ধারণপাত্রের ভর নির্গমণ ভাল্‌ভ বা অন্যান্য সংযোগের উপর আরোপন করা যাইবে না।

(৫) সিএনজি ধারণপাত্রকে কোন অবস্থাতেই গাড়ীর সাথে ওয়েলডিং-এর মাধ্যমে সংযুক্ত করা যাইবে না।

(৬) সিএনজি ধারণপাত্রকে কোন অবস্থাতেই গাড়ীর সাথে এমনভাবে সংযুক্ত করা যাইবে না যাহাতে উহা গাড়ীর গঠন কাঠামোর অংশে পরিণত হয়।

২৬। **সিএনজি ধারণপাত্রের উপরিতলের প্রক্রিয়াকরণ**।—(১) সিএনজি ধারণপাতে স্থাপনের পূর্বে স্টেইনলেস স্টিল ধারণপাত্র ব্যতীত অন্য স্টিল ধারণপাত্রের উপরিতলে বাহ্যিক ক্ষয় প্রতিরোধের লক্ষ্যে ক্ষয় প্রতিরোধী রং লাগাইতে হইবে এবং ব্যবহারের পূর্বে ধারণপাত্রের বহির্গাত্র যথোপযুক্তভাবে প্রস্তুত করিতে হইবে।

(২) সকল ধারণপাত্রের গায়ে প্রাথমিক আবরণ হিসাবে এলকাইড জিংক ক্রোমেট বা সমমানের প্রাথমিক আবরণ ব্যবহার করিতে হইবে।

## দ্বিতীয় অংশ
## সিএনজি নিয়ন্ত্রণ যন্ত্র

২৭। **নিয়ন্ত্রণ যন্ত্রের সাধারণ বিধানাবলী**।—(১) ধারণপাত্রস্থিত সিএনজির চাপ হ্রাস করিয়া ইঞ্জিনে সরবরাহের উদ্দেশ্যে সিএনজি বায়ু মিশ্রণে রূপান্তরের জন্য প্রয়োজনীয় সিএনজি নিয়ন্ত্রণ সরঞ্জাম সামগ্রিকভাবে বা উপকরণ যে হিসাবেই হউক না কেন, এই অংশের বিধানাবলী পরিপালন করিবে।

২৮। **নিয়ন্ত্রণ যন্ত্রের যন্ত্রাংশ।**—(১) নিয়ন্ত্রণ যন্ত্র ন্যূনপক্ষে নিম্নলিখিত যন্ত্রাংশ দ্বারা গঠিত হইবে ঃ—

(ক) সার্ভিস সাট অফ ভাল্‌ভ;

(খ) স্বয়ংক্রিয় সাট অব ভাল্‌ভ;

(গ) রেগুলেটর;

(ঘ) ছাকনী (filter);

(ঙ) গ্যাস-বায়ু মিশ্রণ যন্ত্র;

(চ) জ্বালানী পরিবর্তন ব্যবস্থা (fuel change-over);

(ছ) জ্বালানী নির্বাচক নিয়ন্ত্রক (fuel selection control); এবং

(জ) চাপ নির্দেশন (pressure indicator)।

(২) ইঞ্জিন প্রকোষ্ঠে সিলিন্ডার ভাল্‌ভ ও অন্য কোন ভাল্‌ভ বা যন্ত্রাংশের মধ্যে উচ্চ চাপ পাইপ লাইনে যতদূর সম্ভব রেগুলেটরের কাছে একটি সার্ভিস সাট অব ভাল্‌ভ স্থাপন করিতে হইবে, যাহাতে সব সময় ভাল্‌ভকে সহজে ব্যবহার করা সম্ভব হয় এবং এই ভাল্‌ভের প্রকৃতি চিহ্নিতকরণের জন্য স্থায়ীভাবে "সিএনজি সার্ভিস সাট অব ভাল্‌ভ" বা অনুরূপ শব্দের লেবেল লাগাইতে হইবে এবং ভাল্‌ভের 'বন্ধ' ও 'খোলা' দিক নির্দেশক চিহ্ন সুস্পষ্টভাবে চিহ্নিত থাকিতে হইবে।

(৩) ইঞ্জিন বন্ধ অবস্থায়, এমনকি দহন সুইচ (ignition switch) চালু থাকিলেও ইঞ্জিনে জ্বালানী গ্যাস প্রবাহ স্বয়ংক্রিয়ভাবে বন্ধ রাখিবার জন্য এই প্রক্রিয়ায় একটি সিএনজি সাট অব ভাল্‌ভ স্থাপন করিতে হইবে।

(৪) জ্বালানী আধারে সংরক্ষিত গ্যাসের চাপ কমাইয়া বাতাস ও গ্যাসের মিশ্রণকে প্রয়োজনীয় কার্যচাপে রাখিবার জন্য একটি স্বয়ংক্রিয় চাপ হ্রাসকরণ নিয়ন্ত্রণ যন্ত্র (pressure reducing regulator) স্থাপন করিতে হইবে এবং ইহা গ্যাস ইঞ্জিন ঠান্ডা করিবার পানি এবং বৈদ্যুতিক সার্ভিসের সহিত যুক্ত থাকিবে।

(৫) ইঞ্জিন বন্ধ করিবার পর, দহন সুইচ (ignition switch) বন্ধ বা চালু যে কোন অবস্থায় নিয়ন্ত্রণ ব্যবস্থা ইঞ্জিনে গ্যাস প্রবাহ বন্ধ রাখিবে।

(৬) গাড়ীর নিয়ন্ত্রণ যন্ত্র এমনভাবে সংযুক্ত করিতে হইবে যেন—

(ক) গাড়ীর ঝুঁকিপূর্ণ অবস্থায় উহা নিরাপদ থাকে;

(খ) উহা সুবিধাজনক স্থানে ও নিরাপদে থাকে;

(গ) উহা নিয়মিত রক্ষণাবেক্ষণ, উপযোজন এবং পরিদর্শনের সুবিধা হয়;

(ঘ) উহা বর্জ্য ধূয়া নির্গমন ব্যবস্থা হইতে যতদূর সম্ভব বেশী দূরত্বে স্থাপিত হয় এবং যেই ক্ষেত্রে দূরত্ব ১৫ সে. মি. এর কম সেই ক্ষেত্রে এমনভাবে আচ্ছাদিত থাকে যাহাতে উহা বিকিরিত তাপ হইতে রক্ষা পায় এবং কোন কারণে ধূয়া নির্গমন ব্যবস্থা অকার্যকর হইলে নির্গত বর্জ্য ধূয়ার ক্ষতিকর প্রভাব হইতে রক্ষা পায়;

(ঙ) উহা যুক্তিযুক্তভাবে সংঘর্ষজনিত আঘাত হইতে সুরক্ষিত থাকে;

(চ) সকল হোস পাইপ পর্যাপ্তভাবে নড়াচড়ার ব্যবস্থা থাকে;

(ছ) জল চক্রায়ন ব্যবস্থা (water recycling system)/পানি সঞ্চালন পদ্ধতি (প্রযোজ্য ক্ষেত্রে) প্রস্তুতকারীর নির্দেশ অনুযায়ী সংযুক্ত হয় এবং মূল যন্ত্রের পানির প্রবাহ বন্ধ হয় এমন প্রবাহ নিয়ন্ত্রণ ভাল্‌ভ স্থাপন করা না হয়।

(৭) রেগুলেটরের যন্ত্রাংশের সামান্য আগে সিএনজি জ্বালানী লাইনে শেষ প্রান্তে রেগুলেটরের যন্ত্রাংশের জন্য ক্ষতিকর এমন ক্ষুদ্র ক্ষুদ্র ভাসমান পদার্থ জ্বালানী হইতে দূর করিতে সক্ষম এইরূপ একটি ছাকুনী (filter) লাগাইতে হইবে।

(৮) ইঞ্জিনের প্রয়োজন অনুযায়ী সঠিক অনুপাতে বাতাস ও গ্যাসের মিশ্রণ তৈরীর 'গ্যাস-বায়ু মিশ্রণ যন্ত্র (gas-air mixture) নিরাপদভাবে সংযুক্ত থাকিতে হইবে এবং দূরবর্তী অংশে সংযুক্ত করা হইলে যথোপযুক্তভাবে সুরক্ষিত করিতে হইবে, যাহাতে উহা নিজ ওজন ও আরোপিত ভর বহনে সক্ষম হয়।

(৯) গ্যাস-বায়ু মিশ্রণ যন্ত্রের নিম্নমুখী প্রবাহে কোন বাতাস-ছাকুনী (air-filter) সংযুক্ত থাকিবে না।

(১০) গ্যাসের সহিত বায়ু মিশ্রণের পূর্বেই কোন অগ্নিস্ফুলিংগ প্রতিহত করিবার জন্য প্রতিহতকারী যন্ত্র (backfire deflector) রাখিতে হইবে।

(১১) দ্বি-জ্বালানী চালিত ইঞ্জিনের ক্ষেত্রে ইঞ্জিন ও প্রতিটি জ্বালানী পাম্পের মাঝখানে স্বয়ংক্রিয় বন্ধকরণ ভাল্‌ভ স্থাপন করিতে হইবে, যাহাতে কোন এক প্রকার জ্বালানীর প্রয়োজন না হইলে উহার প্রবাহ বন্ধ রাখা যায় এবং অন্য প্রকার জ্বালানীর প্রবাহ নিরবচ্ছিন্ন থাকে। উক্তরূপ ভাল্‌ভ বিধি ২৮(৩) এ উল্লিখিত স্বয়ংক্রিয় সাট অব ভাল্‌ভ-এর অনুরূপ ও সম্পূরক হইবে।

(১২) দ্বি-জ্বালানী চালিত ইঞ্জিনের ক্ষেত্রে দুইটি জ্বালানীর যে কোনটি নির্বাচনের জন্য কমপক্ষে তিনটি স্থানে সুস্পস্টভাবে চিহ্নিত উক্ত দুইটি জ্বালানীর নাম সম্বলিত নির্বাচক সুইচ (selection control) স্থাপন করিতে হইবে, নির্বাচক সুইচ গাড়ীচালক বা যন্ত্রচালকের নাগালের মধ্যে স্থাপতি হইবে। ইলেকট্রোনিক ফুয়েল ইঞ্জেকশন সম্বলিত যানের ক্ষেত্রে দুইটি স্থানে সুইচ স্থাপন গ্রহণযোগ্য হইবে।

(১৩) রেগুলেটর বা ফিল পয়েন্টে বিশেষতঃ ইঞ্জিন প্রকোষ্টে, কার্যরত ব্যক্তিদের সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে সিএনজি সিলিন্ডারের ছাপ নির্দেশের জন্য একটি চাপ নির্দেশক মিটার স্থাপন করিতে হইবে এবং একটি অতিরিক্ত গেজ বা ইলেক্ট্রনিক গেজ গাড়ীচালকের কক্ষে স্থাপন করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, উক্ত কক্ষে সিলিন্ডার বা পাইপ হইতে গ্যাস নিঃসরণ বন্ধের জন্য গেজকে পৃথক রাখিতে হইবে।

## তৃতীয় অংশ

### সিএনজি জ্বালানী লাইন (পাইপ/হোস)

২৯। **১ কেজি/সে.মি$^{২}$ এর অধিক চাপসম্পন্ন সিএনজি জ্বালানী লাইন** ।—(১) ১কেজি/সে.মি$^{২}$ এর অধিক চাপসম্পন্ন সিএনজি জ্বালানী লাই মানসূঁচক বিনির্দেশ অনুযায়ী নির্মিত হইতে হইবে।

(২) পাইপের ব্যাস ইঞ্জিনের সর্বোচ্চ চাহিদার সহিত সামঞ্জস্য রাখিয়া যতদূর সম্ভব ছোট হইবে।

৩০। **জ্বালানী লাইনের সরঞ্জাম** ।—(১) ২৫ কেজি/সে.মি.$^{২}$ এর অধিক চাপ সহনীয় অনমনীয় পাইপ এবং সংযোগসমূহ ইস্পাতের তৈরী হইতে হইবে এবং সিএনজি ব্যবহারের জন্য অনুমোদিত হইতে হইবে এবং উক্ত পাইপের অন্যূন বার্স্ট পরীক্ষণ চাপ ৭০০ কেজি/সে.মি.$^{২}$ হইতে হইবে এবং উহা কার্যকারীভাবে ক্ষয়রোধক হইবে।

(২) অনধিক ২৫ কেজি/সে.মি$^{২}$ চাপসম্পন্ন জ্বালানী লাইন ১০০ ডিগ্রী সেন্টিগ্রেড পর্যন্ত তাপমাত্রায় সিএনজির জন্য যথোপযুক্ত ও অভেদ্য নমনীয় বস্তু দ্বারা নির্মিত হইবে এবং কার্যচাপের ৫ গুণ চাপ সহ্য করিবার মত ক্ষমতাসম্পন্ন হইতে হইবে।

৩১। **চাপসহনীয় নমনীয় হোস পাইপ** ।—(১) সিএনজিতে ব্যবহারের জন্য নমনীয় হোস পাইপ যে বিনির্দেশ অনুযায়ী নির্মিত উহার সকল শর্তাবলী পালন করিতে হইবে।

(২) প্রতিটি নমনীয় হোস পাইপের সংযোগস্থলে ডিজাইন কার্যকরী চাপ স্থায়ী এবং স্পষ্টভাবে চিহ্নিত থাকিবে এবং উহা সিএনজি ব্যবহারের জন্য যথোপযোগী বুঝানোর জন্য "সিএনজি" বা অন্য কোন সংযুক্ত চিহ্ন দ্বারা সনাক্তযোগ্য থাকিবে।

(৩) স্থাপনের পূর্বে হোস পাইপের সরঞ্জামাদি সম্পূর্ণরূপে সংযুক্ত অবস্থায় থাকিবে এবং ২৭৫ কেজি/সে.মি.$^{২}$ চাপ দ্বারা পরীক্ষিত হইতে হইবে।

(৪) হোস পাইপের পর্যাবৃত্ত পরীক্ষণের সময় উহার তার উন্মোচনকারী আবরণ দুমড়ানো মোচড়ানো বিধ্বস্ত বা বর্ধিত হইয়াছে কি না পরিদর্শন করিয়া দেখিতে হইবে এবং পরিদর্শনের সময় কো ত্রুটি পরিলক্ষিত হইলে পাইপটি বাতিল করিতে হইবে।

(৫) যান হইতে অপসারণের পর কোন ক্রমেই ব্যবহৃত হোস পাইপ পুনরায় ব্যবহার করা যাইবে না।

৩২। **যানে পাইপ এবং হোস স্থাপন** ।—(১) সিএনজিতে ব্যবহারের জন্য প্রতি বর্গসেন্টিমিটারে এক কিলোগ্রাম-এর অধিক চাপসহনীয় পাইপ এবং হোস স্থাপনে নিম্নোক্ত শর্তাবলী পালন করিতে হইবে, যথাঃ—

(ক) যানের অভ্যন্তরে চালক এবং যাত্রী বসিবার অংশে সিএনজি জ্বালানী লাইন উহার আচ্ছাদন এবং বায়ু চলাচল বেষ্টনীর বাহিরে থাকিবে না;

(খ) সকল সিএনজি জ্বালানী লাইন এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে উহা ঘর্ষণ, দুর্ঘটনা বা যানের চাকা/টায়ারে বাহির হইতে নিক্ষিপ্ত বস্তুর আঘাত প্রতিহত করিতে পারে এবং উক্তরূপ সুরক্ষার জন্য যানের কাঠামোর কোন অংশবিশেষ ব্যবহার করা যাইতে পারে;

(গ) বক্স সেকশনের অভ্যন্তরে বা প্রবেশ করা যায় না এমন কোন স্থানে অথবা তাপ, ঘর্ষণ বা বাহ্যিক প্রভাব হইতে পর্যপ্তভাবে সুরক্ষিত নহে এমন স্থানে সিএনজি জ্বালানী কোন লাইন স্থাপন করা যাইবে না;

(ঘ) জ্বালানী লাইন সংক্ষিপ্ত উপযোগী রাস্তা বরাবর যাইবে;

(ঙ) অন্যূন ৫০ সে.মি. দূরত্বের ব্যবধানে স্থাপিত ক্লিপ দ্বারা জ্বালানী লাইন চেসিস ফ্রেমের বা যানের গায়ের সহিত মজবুতভাবে আটকানো থাকিবে এবং জ্বালানী লাইনের ক্ষয় বা ধ্বংসের সম্ভাবনা প্রতিরোধ এবং যানের চেসিস বা গাত্র এবং ক্লিপ হইতে সুরক্ষার্থে জ্বালানী লাইনে অবশ্যই কুশন (cushion) ব্যবহার করিতে হইবে।

(চ) সুরক্ষিত অবস্থানে অনেকগুলি সিলিন্ডারকে একত্রিতভাবে স্থাপন করিতে হইবে এবং কম্পন সম্প্রসারণ এবং সংকোচনের কারণে পাইপ লাইন, ভাল্ভ এবং অন্যান্য যন্ত্রাংশকে ধ্বংসের হাত হইতে রক্ষার্থে শাখা পাইপগুলিকে যথেষ্ট নমনীয় হইতে হইবে;

(ছ) কোন অবস্থায়ই বর্জ্য ধূয়া নির্গমন ব্যবস্থা এবং জ্বালানী লাইনের মধ্যে ৭.৫ সে.মি. এর কম ফাঁকা রাখা যাইবে না;

(জ) দৃষ্টি বহির্ভূত স্থানে, সহজে পরিদর্শন করা সম্ভব নয় বা সহজে অপসারণ করা যাইবে না এইরূপ স্থানে জ্বালানী লাইনে স্থাপন করা যাইবে না।

৩৩। **সংযুক্তি এবং সংযোগ।**—(১) জ্বালানী লাইনের সংযুক্তি এবং সংযোগসমূহ সিএনজিতে ব্যবহার উপযোগী হইবে।

(২) সকল উপকরণের সংযুক্তি এবং সংযোগের সংখ্যা ন্যূনতম রাখিতে হইবে।

(৩) সিএনজি লাইনের সংযুক্তিগুলি সহজগম্য এবং সহজে পরিদর্শন করা যায় এমন অবস্থানে হইতে হইবে।

(৪) অনমনীয় উচ্চ চাপসম্পন্ন জ্বালানী লাইনের প্রত্যেক সংযোগ বা ভর্তিযোজক সিএনজি সার্ভিসের জন্য অনুমোদিত ধরনের হইবে এবং প্রতি বর্গসেন্টিমিটারে অন্যূন ৭০০ কেজি পরীক্ষণ চাপ সহ্য করিবার ক্ষমতাসম্পন্ন ও ছিদ্রবিহীন হইবে।

(৫) অনধিক ১ কেমি/সেন্টিমিটার$^{২}$ চাপ সহনীয় সংযুক্তি এবং সংযোগ কার্যচাপের পাঁচগুণ চাপ সহ্য করিবার মত ক্ষমতসম্পন্ন হইবে।

৩৪। **নমনীয়তা।**—(১) ইঞ্জিন নির্বিঘ্নে নাড়াচাড়ার জন্য নিম্ন চাপের হোস পাইপ পর্যাপ্ত দৈর্ঘ্যবিশিষ্ট হইবে।

(২) উচ্চ চাপের জ্বালানী লাইন এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে যানের চেসিস এবং জ্বালানী উপকরণগুলির পারস্পারিক ঝাঁকুনি বা জ্বালানী লাইনের তাপমাত্রার তারতম্য খাপ খাওয়াইয়া নিতে পারে।

(৩) সকল অনমনীয় জ্বালানী লাইনের যে কোন দুইটি উপকরণের মধ্যে 'পিগটেইল' ('Pigtail') বা বেন্ড (bend) স্থাপন করিতে হইবে যাহাতে প্রয়োজনীয় নমনীয় বৈশিষ্ট্যসম্পন্ন হয়।

৩৫। **অতিরিক্ত প্রবাহের ভাল্ভ।**—জ্বালানী লাইনের সহিত একটি ভাল্ভ সংযুক্ত করা যাইতে পারে, যাহা কোন কারণে জ্বালানী লাইনের কোন অংশে ছিদ্র দেখা দিলে, সিলিন্ডারস্থিত গ্যাস বাতাসে নির্গমনে বাধা প্রদান করিতে পারে।

## চতুর্থ অংশ

### যানবাহনে জ্বালানী সরবরাহের সংযোগ লাইন
### (ভর্তিকরণ সংযোগ লাইন)

৩৬। **ভর্তিকরণ সংযোগ**।—(১) যানে জ্বালানী সংযোগ উচ্চ চাপসম্পন্ন প্রাকৃতিক গ্যাসের উৎসের সহিত জ্বালানী ধারণপাত্রের নির্ভরযোগ্য ও নিরাপদ সংযোগের মাধ্যমে প্রদান করিতে হইবে।

(২) ভর্তিকরণ সংযোগ এন জেড এস ৫৪২২ দ্বিতীয় অংশে প্রদত্ত পরিমাপ অনুসারে ডিজাইনকৃত হইবে যাহাতে শলাকা ধরনের জ্বালানী সংযোগ (probe type refueling connection) ব্যবস্থা থাকিবে।

(৩) বালিকণা, পানি এবং অন্যান্য বাহ্যিক পদার্থের প্রবেশ প্রতিরোধের নিমিত্তে ভর্তিকরণ সংযোগ একটি নিশ্ছিদ্র প্লাগের (captive dust plug) মধ্যে আবদ্ধ রাখিতে হইবে।

(৪) শলাকা ধরনের রিফুয়েলিং সংযোগ অপসারণের পূর্বেই ভর্তিকরণ সংযোগটিতে চাপ মুক্তকরণের ব্যবস্থা করিতে হইবে।

৩৭। **ভর্তিকরণ সংযোগ লাইনের অবস্থান**।—ভর্তিকরণ সংযোগ লাইনের অবস্থান ইঞ্জিন কক্ষে অথবা বায়ু চলাচলের ব্যবস্থাসম্পন্ন উপযুক্ত সুরক্ষিত স্থানে হইতে হইবে।

৩৮। **নন-রিটার্ণ ভাল্‌ভ**।—সিলিন্ডার হইতে পুনরায় ভর্তিকরণ সংযোগ লাইনে গ্যাস ফিরিয়া আসা রোধ করিবার জন্য ভর্তিকরণ সংযোগ লাইনে একটি নন-রিটার্ণ ভাল্‌ভ সংযুক্ত থাকিবে এবং নন-রিটার্ণ ভাল্‌ভটি যতদূর সম্ভব ভর্তি সংযোগ লাইনের নিকটে স্থাপন করিতে হইবে।

৩৯। **জ্বালানী সরবরাহে ইন্টারলক কৌশল**।—মোটর যানের ভর্তিকরণ সংযোগে এমন একটি কৌশল সংযুক্ত থাকিবে যাহাতে জ্বালানী সরবরাহ সংশ্লিষ্ট যন্ত্রাংশ কার্যকর অবস্থায় যানের ইঞ্জিন চালু হইতে না পারে।

৪০। **অতিরিক্ত চাপ প্রতিহতকারণ কৌশল**।—সিলিন্ডার পরীক্ষণীয় চাপের অধিক চাপ প্রতিহত করিবার জন্য প্রত্যেকটি সিএনজি ব্যবস্থায় একটি কৌশল (device) সংযুক্ত থাকিবে এবং উক্ত কৌশল কার্যকর অবস্থায় উহার ডিজাইন বা অবস্থানের কারণে সিলিন্ডারে ধারণকৃত পদার্থ বাহির হইয়া যাইতে পারিবে না। ইহা এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে সিলিন্ডারের পরীক্ষণীয় চাপের চেয়ে কম চাপ প্রয়োগ করে।

৪১। **সনাক্তকরণ পাত**।—(১) সিএনজি ভর্তিকরণ সংযোগ (filling point) এর নিকটে এবং জ্বালানী সরবরাহকারীর পক্ষে পরিষ্কারভাবে দৃশ্যমান স্থানে নিম্নোক্ত তথ্যাদিসম্বলিত সনাক্তকরণ পাত স্থাপন করিতে হইবে, যথা ঃ—

(ক) সিএনজির সর্বোচ্চ ভর্তিকরণ চাপ;
(খ) সিলিন্ডার বা গ্যাসাধারের পরিচিতি নম্বর;
(গ) সিলিন্ডার বা গ্যাসাধারের সর্বশেষ পরীক্ষার তারিখ;
(ঘ) স্থাপিত সিলিন্ডার বা গ্যাসাধারের মোট জলধারণ ক্ষমতা;
(ঙ) যানের রেজিস্ট্রেশন নম্বর; এবং
(চ) রূপান্তর কারখানার নাম ও রূপান্তরের তারিখ।

(২) কোন মোটরযান সিএনজি সার্ভিসে রূপান্তর করিবার ১৫ দিনের মধ্যে রূপান্তরকারী কর্তৃক বিধি ৫(১)-এ উল্লিখিত কর্তৃপক্ষের নিকট উপ-বিধি (১)-এ বর্ণিত তথ্য দাখিল করিবেন।

## পঞ্চম অধ্যায়
## ধারণপাত্র
### ১ম অংশঃ সাধারণ

৪২। **ধারণপাত্রের ডিজাইন ও নির্মাণ।**—(১) সিএনজি সার্ভিসে ব্যবহার্য ধারণপাত্র এবং উহাদের ভাল্‌ভ সিএনজি সার্ভিসের জন্য যাহাতে নিরাপদ ও উপযোগী হয় এমনভাবে ডিজাইনকৃত, পরীক্ষিত এবং চিহ্নিত হইতে হইবে যাহা নির্মাতা কর্তৃক প্রত্যায়িত এবং প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত হইবে।

(২) ধারণপাত্র ও ভাল্‌ভের নির্মাতা কর্তৃক প্রদত্ত তফসিল (২)-এ উল্লিখিত তথ্যসম্বলিত পরিদর্শন ও পরীক্ষণ সনদ পরিদর্শনকারী কর্তৃক প্রতিস্বাক্ষরিত হইবে যাহা প্রধান পরিদর্শকের নিকট অনুমোদনের জন্য উপস্থাপন করিতে হইবে।

(৩) প্রধান পরিদর্শক বাংলাদেশে সিএনজি সার্ভিসে ব্যবহারযোগ্য অনুমোদিত সিলিন্ডার, গ্যাসাধার এবং উহাদের ভাল্‌ভের স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশনের নাম ও নম্বরের তালিকা সরকারী গেজেটে বিজ্ঞপ্তির মাধ্যমে জারী করিবেন।

(৪) ধারণপাত্র ইস্পাত, অ্যালুমিনিয়াম বা মিশ্রিত উপাদান দ্বারা তৈরী হইবে।

৪৩। **ধারণপাত্রে বিভিন্ন তথ্য লিখন।**—(১) সিএনজি সার্ভিসে ব্যবহার্য প্রত্যেকটি ধারণপাত্রে নিম্নোক্ত তথ্যাদি লিপিবদ্ধ থাকিবে, যথা ঃ—

(ক) নির্মাতা এবং পরিদর্শনকারীর নাম অথবা প্রতীক;

(খ) ধারণপাত্রের সিরিয়াল নম্বর (serial number);

(গ) ডিজাইন চাপ (কার্য চাপ) এবং পরীক্ষণ চাপ;

(ঘ) কোন স্বীকৃত পরীক্ষণ স্টেশনের কোড মার্কসহ শেষ উদস্থিতি প্রসারণ পরীক্ষণের তারিখ;

(ঙ) সিএনজি নির্দেশক;

(চ) জল ধারণক্ষমতা; এবং

(ছ) টেয়ার ওজন।

(২) উপ-বিধি (১)-এ উল্লিখিত তথ্যাদি নিম্নবর্ণিত শর্তানুসারে সিলিন্ডারে সিল লাগাইয়া, খোদাই করিয়া বা অনুরূপ পদ্ধতির মাধ্যমে সিলিন্ডারের সহজে দৃশ্যমান কোন অংশে সুস্পষ্ট ও স্থায়ীভাবে লিপিবদ্ধ করিতে হইবে, যথা ঃ—

(ক) চূড়ান্ত তাপ প্রয়োগ পদ্ধতির শেষে সমস্ত তথ্যাদি লিপিবদ্ধ করিতে হইবে;

(খ) নির্মাতার নাম ও প্রতীক ব্যতীত অন্যান্য সকল তথ্যাদি ও প্রতীক সিলিন্ডারের গলায় এবং সমান্তরাল দেওয়াল হইতে দূরে লিপিবদ্ধ করিতে হইবে, তবে নির্মাতার প্রতীক সিলিন্ডারের তলদেশের লিপিবদ্ধ করা যাইত পারে।

(গ) অন্যান্য তথ্যাদির সহিত পরীক্ষণের তারিখ এবং স্বীকৃত পরীক্ষা কেন্দ্রের প্রতীক চিহ্ন, ছাপ মারিয়া লিপিবদ্ধ করিবার মত জায়গা রাখিতে হইবে।

(৩) গ্যাসাধারের ক্ষেত্রে উপ-বিধি (১)-এ উল্লিখিত তথ্যাদি একটি ধাতব পাত্রে লিপিবদ্ধ করিয়া উক্ত আধারের নামে স্থায়ীভাবে সংযুক্ত করা যাইতে পারে।

৪৪। **ধারণপাত্রের ভাল্‌ভ।**—(১) ধারণপাত্রের কার্যচাপে ডিজাইনকৃত এবং পরীক্ষণ চাপ প্রতিরোধে সক্ষম এইরূপ একটি বন্ধকরণ ভাল্‌ভ (shut off valve) ধারণপাত্রের সহিত যুক্ত থাকিবে।

(২) ভাল্‌ভ সহজে খোলা ও বন্ধের জন্য ধারণপাত্রের ভাল্‌ভের সহিত একটি হস্তচালিত চাকা সংযুক্ত থাকিবে।

(৩) ভাল্‌ভটি ধারণপাত্রের গলায় প্যাঁচ দিয়া এইরূপে সংযুক্ত থাকিবে যেন উহা ধারণপাত্রের সহিত স্থায়ীভাবে সংযোজন না হয় এবং সংযুক্ত করিবার জন্য উহাদের মধ্যবর্তী স্থানে কোন উপযোজক বস্তু (adapter) লাগানো না হয়।

(৪) সিএনজি ধারণপাত্রের সহিত যুক্ত ভাল্‌ভের নির্গমন পথের সহিত পাইপ এবং অন্য সংযোগে এইরূপ প্যাঁচকাটা স্ক্রু থাকিবে যাহা বামদিকে ঘুরাইয়া আঁটা যায়।

(৫) ঢালাই লোহা বা ইস্পাত সদৃশ ভাল্‌ভ প্রাথমিক বন্ধকরণ ভাল্‌ভ হিসাবে ব্যবহার করা যাইবে না।

(৬) সিএনজি ধারণপাত্রের সহিত যুক্ত ভাল্‌ভ প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত মানসূচক বিনির্দেশ অনুযায়ী নির্মিত হইবে।

৪৫। **ধারণপাত্রের ভাল্‌ভ চিহ্নিতকরণ।**—(১) ধারণপাত্রের সহিত যুক্ত ভাল্‌ভে ছাপ মারিয়া, খোদাই করিয়া বা অনুরূপ পদ্ধতি অবলম্বন করিয়া স্পষ্ট ও স্থায়ীভাবে নিম্নবর্ণিত তথ্যাদি লিপিবদ্ধ করিতে হইবে, যথা ঃ—

(ক) যে বিনির্দেশ অনুসারে নির্মাণ করা হইয়াছে;
(খ) প্রস্তুতের বৎসর;
(গ) নির্মাতার প্রতীক চিহ্ন; এবং
(ঘ) ডিজাইন চাপ।

৪৬। **চাপ প্রশমন ব্যবস্থা।**—(১) প্রত্যেকটি ধারণপাত্র গ্যাসের সহিত সংযোগকৃত একটি চাপ প্রশমন ব্যবস্থার সহিত যুক্ত থাকিবে।

(২) সিএনজি সার্ভিসে ব্যবহার্য চাপ প্রশমন যন্ত্র, উপরে উত্তোলনকারী ব্যবস্থার সহিত যুক্ত করা যাইবে না।

(৩) চাপ প্রশমন ভাল্‌ভ এমনভাবে সংযুক্ত থাকিবে, যাহাতে বাহ্যিক আঘাত হইতে সুরক্ষিত থাকে এবং চাপ নিয়ন্ত্রণ ব্যবস্থা বাহির হইতে নিয়ন্ত্রিত হইলে চাপ প্রশমন ভাল্‌ভটিকে যথোপযুক্ত উপায়ে আবদ্ধ রাখিতে হইবে।

(৪) সকল চাপ প্রশমন যন্ত্র বৎসরান্তে পরীক্ষা ও যথোপযুক্তভাবে কার্যক্ষম রাখিবার জন্য রক্ষণাবেক্ষণ করিতে হইবে।

(৫) সিলিণ্ডারে চাপ প্রশমন ব্যবস্থায়—

(ক) বিধি ৪৪ অনুসারে সিলিণ্ডারের সহিত একটি বন্ধকরণ ভাল্‌ভ সংযুক্ত থাকিবে ;

(খ) শংকর ধাতু নির্মিত একটি চাকতি সংযুক্ত থাকিবে, যাহার গলনাংক হইবে ১০০০ ডিগ্রী সেন্ট্রিগ্রেড ;

(গ) নির্মাতা কর্তৃক প্রত্যেকটি চাকতিতে স্থায়ীভাবে নিম্নোক্ত তথ্য লিপিবদ্ধ থাকিবে; যথা ঃ—

(অ) নির্মাতার ট্রেড নাম বা প্রতীক (trade mark) ;
(আ) সর্বোচ্চ বার্ষ্টিং চাপ ; এবং
(ই) ডিস্কের পরিচালন তাপমাত্রা।

(৬) গ্যাসাধারের নিরাপদ চাপ প্রশমন ব্যবস্থাদি—

(ক) গ্যাসাধারটি যে মানসূচক বিনির্দেশ অনুসারে নির্মিত সেই মানসূচক বিনির্দেশের শর্ত অনুসারে হইবে ;

(খ) যে মানসূচক বিনির্দেশ অনুসারে আধারটি নির্মিত উহার শর্তানুসারে প্রশমন ভাল্ভ এমনভাবে বসাইতে হইবে (set) যাহাতে পূর্ণোদ্যমে স্বয়ংক্রিয়ভাবে গ্যাস নির্গত করিয়া সঠিক চাপ বজায় রাখে ;

(গ) ভারবাহী অবলম্বনযুক্ত (weight loaded) প্রশমন ভাল্ভ ব্যবহার করা যাইবে না ;

(ঘ) প্রশমন ভাল্ভ এমনভাবে ডিজাইনকৃত হইবে যেন অসাবধানতাবশত নির্ধারিত চাপের অতিরিক্ত চাপে গ্যাস ভর্তি করা না যায় ;

(ঙ) যে কোন আধারের নিরাপদ প্রশমন ভাল্ভ হইতে নির্গমন হার আধারের ডিজাইন চাপের শতকরা ১১০ ভাগ এর অতিরিক্ত নয় এমনভাবে নির্ধারিত থাকিবে এবং প্রশমন ভাল্ভের সম্পূর্ণ নির্গমন ক্ষমতাসম্পন্ন হইবে যাহাতে আধারের ডিজাইন চাপের শতকরা ১২০ ভাগের অতিরিক্ত চাপ নিয়ন্ত্রণ করিতে সক্ষম হয় ;

(চ) এর সংযোগসমূহ পর্যাপ্ত আকারের হইতে হইবে, যেন প্রশমন রিলিফ ভাল্ভের মাধ্যমে সঠিক নির্গমন হার বজায় থাকে ;

(ছ) কোন পরিবহন যানে রক্ষিত আধার ব্যতীত ৪৫০০ লিটারের অধিক জল ধারণ ক্ষমতাসম্পন্ন গ্যাসাধারের প্রশমন ভাল্ভের সহিত শক্ত অবলম্বযুক্ত লম্বা ভেন্ট পাইপ সংযুক্ত থাকিবে, যাহা আধারের উপর হইতে অন্যূন ২ মিটার উর্ধ্বে এবং ভূমিতল হইতে কমপক্ষে ৩.৫ মিটার উর্ধ্বে থাকিবে এবং উহার সহিত হালকাভাবে জলনিরোধী ঢাকনা (rain cap) সংযুক্ত থাকিবে ; এবং ভাল্ভের নির্মাতা কর্তৃক প্রত্যেকটি চাপ প্রশমন ভাল্ভে নিম্নোক্ত তথ্য লিপিবদ্ধ করিতে হইবে ঃ—

(অ) কেজিতে প্রতি বর্গ সেন্টিমিটারের ভাল্ভের নির্গমন চাপ ($Kg/cm^2$) ; এবং

(আ) ঘনমিটারে প্রতি মিনিটে ($M^3$ per minute) নির্গমন ক্ষমতা।

৪৭। **সনাক্তকরণ রং**।—যানবাহনে ব্যবহৃত সিএনজি ধারণপাত্র সাদা রং-এ রঞ্জিত হইবে যাহার গাত্র দেওয়াল বরাবর গলার প্রান্তে ১০ সেন্টিমিটার চওড়া লাল বন্ধনী থাকিবে।

## দ্বিতীয় অংশ

## ধারণপাত্র পরীক্ষণ ও পরিদর্শন

৪৮। **ধারণপাত্র পরীক্ষণ**।—(১) কোন ধারণপাত্র বাহ্যিক দৃষ্টে ভাল অবস্থায় অর্থাৎ কোন কাটা চিহ্নমুক্ত অথবা গর্তমুক্ত হইলেও এই অধ্যায়ে বর্ণিত বিধি অনুসারে পর্যাবৃত্ত পরীক্ষণ করিতে হইবে।

(২) প্রধান পরিদর্শক সরকারী গেজেটে জারীকৃত বিজ্ঞপ্তির মাধ্যমে ধারণপাত্র পরীক্ষণের ধরণ এবং নির্ধারিত সময় অন্তর পর্যাবৃত্ত পরীক্ষণের মেয়াদ নির্ধারণ করিবেন।

৪৯। **ধারণপাত্র ভর্তির উপর বাধা-নিষেধ** ।—কোন ব্যক্তি সিএনজি দ্বারা ধারণপাত্র ভর্তি করিবে না, যদি না—

(ক) ধারণপাত্র এবং উহার ভাল্‌ভ মানসূচক বিনির্দেশ বা কোড অনুসারে নির্মিত হইয়া থাকে ; এবং

(খ) প্রধান পরিদর্শক কর্তৃক নির্ধারিত মেয়াদে ধারণপাত্রের উদস্থিতি সম্প্রসারণ পরীক্ষণ এবং এই অধ্যায়ে বর্ণিত অন্যান্য পরীক্ষণ সম্পন্ন হইয়া থাকে।

৫০। **ধারণপাত্র পরীক্ষণ কেন্দ্রের অনুমোদন** ।—(১) কোন পরীক্ষণ কেন্দ্রে পর্যাবৃত্ত পরীক্ষণ এবং ধারণপাত্রের অন্যান্য পরীক্ষণের জন্য তফসিল ৩এ বর্ণিত সুবিধাদি থাকিতে হইবে।

৫১। **ধারণপাত্র পরীক্ষণের শর্ত** ।—(১) ধারণপাত্র পরীক্ষণের উদ্দেশ্যে প্রথমে উহা খালি করিতে হইবে এবং যথোপযুক্ত যন্ত্রপাতি ও সুযোগ্য ব্যক্তির দ্বারা উক্ত পাত্রস্থিত গ্যাস নির্গত করিবার ক্ষেত্রে এইরূপ ব্যবস্থা গ্রহণ করিতে হইবে যাহাতে গ্যাস হইতে কোন উৎপাত, দুর্গন্ধ, বিষক্রিয়া বা দুর্ঘটনা সৃষ্টি হওয়ার সম্ভাবনা না থাকে।

(২) ধারণপাত্র পরিষ্কার করিবার পর ধারণপাত্রের বহির্ভাগ এবং অভ্যন্তরভাগে কোন ত্রুটি আছে কি না পরীক্ষা করিতে হইবে এবং কোন আধার পরীক্ষণের সময় টেয়ার ওজন শতকরা ৫ ভাগের বেশী হ্রাস পাইলে অথবা অন্য কোন ত্রুটি পাওয়া গেলে উহা পুনর্ব্যবহার করা যাইবে না।

(৩) উদস্থিতি সম্প্রসারণ পরীক্ষণ করিবার পূর্বে প্রতিটি ধারণপাত্র যথাক্রমে বাষ্প উপযুক্ত দ্রাবক দ্বারা ধৌত করিয়া সম্পূর্ণরূপে পরিষ্কার করিতে হইবে এবং সিলিন্ডারের অভ্যন্তরভাগে মরিচা বা অন্য কোন অবাঞ্ছিত পদার্থ সিলিন্ডারের গায়ে যুক্ত থাকিলে উহা নিম্নবর্ণিত যে কোন উপায়ে পরিষ্কার করিতে হইবে, যথা ঃ—

(ক) প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত ধরনের চক্রাকারে ঘূর্ণয়মান তারের ব্রাশ প্রয়োগ ;

(খ) অনধিক এক ঘন্টা ব্যাপী অনধিক ৩০০° সেন্ট্রিগেড তাপমাত্রা সম্পন্ন চুল্লিতে সিলিন্ডারটি দগ্ধ করিবার পর উক্ত মরিচা বা অবস্থিত পদার্থ বাষ্প বা যথাযথ দ্রাবক দ্বারা ধৌতকরণ।

(৪) এই বিধিতে বিধৃত পদ্ধিতিতে ধারণপাত্র পরিষ্কার করিবার পর বৃটিশ স্ট্যান্ডার্ড ইনস্টিটিউশনের প্রাসঙ্গিক কোড অব প্রাকটিস অনুসারে আধারের বহির্ভাগ ও অভ্যন্তরভাগ চাক্ষুষভাবে পরীক্ষা করিতে হইবে।

(৫) উপ-বিধি (১) এ বিধৃত পরীক্ষার পর বিধি ৫১ এর অধীন নির্ধারিত উপস্থিতি পরীক্ষণ বা উদস্থিতি সম্প্রসারণ পরীক্ষণ করিতে হইবে।

(৬) উদস্থিতি সম্প্রসারণ পরীক্ষণ বৃটিশ স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন ৫৪৩০ অনুসারে করিতে হইবে এবং অন্যূন ৩০ সেকেন্ড সময়ব্যাপী সিলিন্ডারে প্রযুক্ত পরীক্ষা চাপ অব্যাহত রাখিতে হইবে।

(৭) উদস্থিতি সম্প্রসারণ পরীক্ষণের ক্ষেত্রে, পরীক্ষা চাপ প্রযুক্ত থাকাকালে সিলিন্ডারের স্থায়ী প্রসারণ পরীক্ষাকালীন সংঘটিত মোট প্রসারণের শতকরা ৫ ভাগের বেশী হইবে না।

(৮) উপ-বিধি (৭) এ উল্লিখিত সীমা অতিক্রম করিলে কোন ধারণপাত্রে গ্যাস ভর্তি করা যাইবে না।

(৯) পরীক্ষা চাপ প্রযুক্ত থাকাকালীন সময়ে চাপ হ্রাস পাইলে বা কোন ছিদ্র, দৃশ্যমান ত্রুটি বা আকৃতির পরিবর্তন ঘটিলে ধারণপাত্র উক্ত পরীক্ষায় অকার্যকর হইয়াছে প্রতীয়মান হইবে।

(১০) পরীক্ষা সমাপনান্তে ধারণপাত্রের অভ্যন্তরভাগ সম্পূর্ণরূপে শুষ্ক করিতে হইবে।

৫২। **ব্যবহার অনুপযোগী আধার বিনষ্টকরণ** ।—(১) কোন সিলিন্ডার পর্যাবৃত্ত পরীক্ষণে উত্তীর্ণ না হইলে বা টেয়ার ওজন শতকরা ৫ ভাগেরও বেশী হ্রাস পাইলে বা অন্য কোন ত্রুটির কারণে ব্যবহার অনুপযোগী বলিয়া নির্ধারিত হইলে সংশ্লিষ্ট পরীক্ষণ কেন্দ্রেই সিলিন্ডারটিকে এইরূপ খন্ড খন্ড করিয়া প্রতিটি খন্ড চ্যাপ্টা বা বিকৃত বা রূপান্তরিত করিতে হইবে যেন উক্ত খন্ডগুলি ঝালাই বা অন্য কোনভাবে পরস্পর যুক্ত করিয়া একটি নূতন সিলিন্ডার বা গ্যাসাধার প্রস্তুত করা না যায়।

(২) বিনষ্টকরণের পূর্বে আধারে লিপিবদ্ধ সকল তথ্য বিকৃত করিতে হইবে।

(৩) বিনষ্টকৃত এইরূপ ধারণপাত্রের বিষয় সংরক্ষণীয় রেকর্ডে লিপিবদ্ধ করিতে হইবে এবং বিনষ্ট করিবার পর এক বৎসরকাল রেকর্ড সংরক্ষণ করিতে হইবে এবং বিনষ্টকৃত ধারণপাত্রের উক্ত বিবরণী প্রতি বৎসর জানুয়ারী, এপ্রিল, জুলাই এবং অক্টোবর মাসের পহেলা তারিখে প্রধান পরিদর্শকের নিকট প্রেরণ করিতে হইবে।

(৪) কোন ধারণপাত্র গ্যাস উৎপাদনে ব্যবহৃত হইয়া থাকিলে বা গ্যাস মজুদ, পরিবহন, ব্যবহার ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহৃত হইয়া থাকিলে এবং পরীক্ষণে ব্যবহার অনুপযোগী বলিয়া নির্ধারিত হইলে এই বিধিসমূহে বর্ণিত উপায়ে বিনষ্ট করিতে হইবে।

৫৩। **পরীক্ষা ইত্যাদির রেকর্ড সংরক্ষণ** ।—(১) ধারণপাত্র পর্যবেক্ষণকারী ও পরীক্ষণকারী পরীক্ষা কেন্দ্রে নিম্নবর্ণিত তথ্যাদিসম্বলিত রেকর্ড সংরক্ষণ করিবেন, যথা ঃ—

(ক) ধারণপাত্রের নির্মাণ ও মালিকের নাম ;

(খ) ধারণপাত্রের নম্বর (notation number) ;

(গ) ধারণপাত্রের স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন ;

(ঘ) পূর্ববর্তী উদস্থিতি প্রসারণ পরীক্ষণের তারিখ ;

(ঙ) নির্মাতা কর্তৃক প্রদত্ত পরীক্ষণ রিপোর্ট ও সার্টিফিকেট ;

(চ) পরীক্ষা চাপ ;

(ছ) সর্বোচ্চ কার্যচাপ ;

(জ) জলধারণ ক্ষমতা ;

(ঝ) টেয়ার ওজন ;

(ঞ) মূল টেয়ার ওজন ও পরীক্ষায় প্রাপ্ত টেয়ার ওজনের মধ্যে পার্থক্য (যদি থাকে) ;

(ট) ধারণপাত্রের গাত্রের দৃশ্যমান অবস্থা ;

(ঠ) গ্যাসের নাম ;

(ড) সংযুক্ত ভাল্‌ভের প্রকার ; এবং

(ঢ) মন্তব্য, যদি থাকে।

(২) যে কোন ধারণপাত্রের ক্ষেত্রে সংরক্ষণীয় রেকর্ডে উপ-বিধি (১) এ বর্ণিত তথ্যাদির বিবরণী এবং সময়ে সময়ে কোন পরিবর্তন হইলে তাহাও উক্ত রেকর্ডে উল্লেখ থাকিবে।

## ষষ্ঠ অধ্যায়

## সিএনজি স্টেশন, রূপান্তর সরঞ্জাম, সিলিন্ডার ও আনুষঙ্গিক সরঞ্জামাদি আমদানি

৫৪। **সিএনজি স্টেশন, রূপান্তর সরঞ্জাম, সিলিন্ডার ও আনুষঙ্গিক সরঞ্জামাদি আমদানিতে বাধা-নিষেধ।**—(১) আমদানিতব্য সিএনজি রিফুয়েলিং স্টেশন, সিএনজি সার্ভিসে মোটরযান রূপান্তরের যন্ত্রের যন্ত্রপাতি ও সরঞ্জামাদি, সিএনজি সার্ভিসে ব্যবহৃতব্য গ্যাস সিলিন্ডার বা গ্যাসাধার অবশ্যই নতুন এবং পূর্বে অব্যবহৃত হইতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত যন্ত্রপাতি, সরঞ্জাম যে দেশ হইতে আমদানি করা হইবে সেই দেশের চেম্বার অব কমার্স এর নিকট হইতে প্রত্যয়ন পত্র (সার্টিফিকেট অব অরিজিন) দাখিল করিতে হইবে।

(৩) গ্যাস সিলিন্ডার বিধিমালা, ১৯৯১ এর বিধি ২৭ অনুসারে প্রধান পরিদর্শক কর্তৃক মঞ্জুরীকৃত লাইসেন্সের শর্তাবলী ব্যতীত কোন ব্যক্তি সিএনজি সার্ভিসের জন্য ব্যবহার্য সিলিন্ডার আমদানি করিতে পারিবে না।

(৪) গ্যাসাধার বিধিমালা, ১৯৯৫ এর বিধি ১৪ অনুসারে কোন ব্যক্তি প্রধান পরিদর্শক কর্তৃক প্রদত্ত পারমিট ব্যতীত সিএনজিতে ব্যবহার্য কোন গ্যাসাধার আমদানি করিতে পারিবে না।

## সপ্তম অধ্যায়

## সিএনজি সংকোচন, সংরক্ষণ এবং সঞ্চালন পদ্ধতি

### প্রথম অংশ ঃ সাধারণ

৫৫। **যন্ত্রপাতির প্রকৃতি।**—(১) বাহ্যিক ক্ষতি এবং বিনষ্টের সম্ভাবনা কমানোর জন্য সংকোচন, সংরক্ষণ বা সঞ্চালন সংশ্লিষ্ট সুবিধাদি ও সরঞ্জামাদির রক্ষা করিবার ব্যবস্থা করিতে হইবে।

(২) যন্ত্রাংশের গঠন ও কার্যপদ্ধতি চতুর্থ অধ্যায়ের বিধানাবলী অনুসরণে হইতে হইবে।

(৩) নিয়ন্ত্রণ সরঞ্জামাদি এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে উহার অভ্যন্তরে বা বাহিরে শীতল হইয়া বরফ বা হাইড্রেট গঠন করিয়া ব্যবস্থা ত্রুটিপূর্ণ না করিতে পারে।

### দ্বিতীয় অংশ ঃ সিএনজি ফিলিং স্টেশন

৫৬। **অবস্থান।**—সিএনজি সংকোচন, সংরক্ষণ ও সঞ্চালন পদ্ধতি এই বিধিমালার বিধান অনুসারে উন্মুক্ত স্থানে স্থাপন ও পরিচালনা করিতে হইবে।

**ব্যাখ্যা ঃ** অদাহ্য বা স্বল্প পদার্থ দ্বারা নির্মিত ছাদযুক্ত বেষ্টনী যাহার কমপক্ষে একদিকে সম্পূর্ণ খোলা এবং যাহাতে বায়ু চলাচল ও গ্যাস নির্গমনের ব্যবস্থা আছে এইরূপ সুবিধাজনক স্থানে সংকোচন, সংরক্ষণ ও সঞ্চালন যন্ত্রপাতি স্থাপিত হইলে উহা আউটডোর বলিয়া গণ্য হইবে।

৫৭। **সংরক্ষণ পদ্ধতি ও ব্যবস্থাপনা।**—(১) গ্যাসাধার বা সিলিণ্ডার ইউনিটগুলো শক্ত, মজবুত ও যথোপযুক্ত নিষ্কাশন ব্যবস্থাযুক্ত ভিত্তির উপর স্থাপন করিতে হইবে। এই ভিত্তি মূল এর উন্নীত প্রান্ত হইতে ২ মিটার সম্মুখে ও পার্শ্বে কার্ব আকারে নির্মিত স্থান পর্যন্ত যানবাহন চলাচল অনুমতিযোগ্য।

(২) উলম্বভাবে মজুদকৃত সিলিণ্ডার ইউনিটগুলির প্রশস্ততা ১.১ মি., দৈর্ঘ্য ৫.৫ মি. এবং মেঝে হইতে ১.৬ মি. উঁচুতে থাকিবে।

(৩) সিলিন্ডারগুলি আনুভূমিকভাবে রাখা হইলে, প্রত্যেকটি মজুদ ইউনিটের উচ্চতা ১.৬ মি., দৈর্ঘ্য ৫.৫ মি. এবং প্রস্থ যাহা একটি সিলিণ্ডারের দৈর্ঘ্য বরাবর ২ মিটার পর্যন্ত প্রশস্ত হইবে।

(৪) সিলিন্ডারগুলি আনুভূমিকভাবে স্থাপন করা হইলে প্রত্যেকটি মজুদ ইউনিটে একটি হইতে অপরটির দূরত্ব অন্যূন ৩ সে. মি. হইবে এবং সিলিণ্ডারগুলির ভাল্‌ভ জ্বালানী সরবরাহ পয়েন্টের বিপরীত পার্শ্বে একই দিকে হইবে এবং এমনভাবে বিন্যস্ত হইবে যাহাতে সিলিণ্ডার হইতে কোন গ্যাস বাধাহীনভাবে উপরের দিকে নির্গত হইতে পারে।

(৫) উপরোক্ত ভাল্‌ভসমূহ, বহুবিধ ব্যবস্থা (manifold) এবং সংযুক্ত পাইপসমূহ যানবাহন, রক্ষণাবেক্ষণ গিয়ার এবং সরঞ্জামাদির ক্ষতি হইতে সুরক্ষার ব্যবস্থা থাকিবে।

(৬) প্রত্যেক মজুদ ইউনিট ও অন্যান্য ইউনিটের মধ্যে অন্যূন ২ মিটার দূরত্ব বজায় রাখিতে হইবে।

(৭) মজুদাগারের চতুষ্পার্শ্বে অমসৃণ ইস্পাতের জ্বালানির বেষ্টনী বা অনুরূপ ব্যবস্থা দ্বারা মজুদাগারে অননুমোদিত প্রবেশ রোধ ও ক্ষতি হইতে সুরক্ষা করিতে হইবে।

৫৮। **মজুদ ইউনিটের জন্য নিরাপদ দূরত্ব।**—সিলিণ্ডার মজুদ ইউনিট এর অবস্থান নিম্নলিখিত অন্যূন নিরাপদ দূরত্বে হইবে, যথা ঃ—

(অ) কোন নিকটবর্তী ইমারত বা সীমানা দেওয়াল, সংকোচন যন্ত্রাদি (compreser) বা আগুনের উৎস হইতে ১০ মিটার, তবে যদি সিলিণ্ডারগুলির মোট জলধারণ ক্ষমতা ৪,৫০০—১০,০০০ লিটার পর্যন্ত হয় তবে নিরাপদ দূরত্ব ৪ মিটারে এবং মোট জলধারণ ক্ষমতা ৪,৫০০ লিটার পর্যন্ত হইলে নিরাপদ দূরত্ব ৩ মিটারে হ্রাস করা যাইতে পারে এবং গ্যাসাধারের ক্ষেত্রে হ্রাসকৃত দূরত্ব ৫ মিটারের কম হইবে না ;

(আ) জ্বালানী সরবরাহ পয়েন্ট হইতে ৩ মিটার ;

(ই) সিলিণ্ডার ভর্তিকরণ এলাকা হইতে ৩ মিটার (যদি থকে); এবং

(ঈ) সিএনজি স্টেশনের সন্নিকটে বা সংলগ্ন পেট্রোল পাম্প থাকিলে তরল জ্বালানী ট্যাংকের ফিল পয়েন্ট হইতে ১০ মিটার।

৫৯। **জ্বালানী সঞ্চালন পয়েন্টের নিরাপদ দূরত্ব।**—সিএনজি সঞ্চালন পয়েন্ট নিম্নলিখিত দূরত্বের মধ্যে স্থাপন করা যাইবে না, যথা ঃ—

(অ) যে কোন প্রজ্বলন উৎস হইতে ৬ মিটার ;

(আ) মজুদ ইউনিট, সংকোচন যন্ত্র বা যে কোন প্রকার প্রজ্বলন উৎস হইতে ৪ মিটার ; এবং

(ই) যদি সিএনজি স্টেশন পেট্রোল পাম্পের নিকটবর্তী বা লাগোয়া হয় তবে ভূগর্ভস্থ তরল জ্বালানী ট্যাংক এর ফিল পয়েন্ট হইতে ১০ মিটার, বিক্রয় কক্ষ হইতে ৪ মিটার ও তরল জ্বালানী সরবরাহ পয়েন্ট হইতে ৩ মিটার।

৬০। **সংকোচন ইউনিটের নিরাপদ দূরত্ব।**—সংকোচন ইউনিট নিম্নলিখিত দূরত্বের মধ্যে স্থাপন করা যাইবে না, যথা ঃ—

(ক) সিএনজি স্টেশনের সীমানা প্রাচীর হইতে ৩ মিটার ;

(খ) বিক্রয় কক্ষ বা কোন প্রজ্বলন উৎস হইতে ৪ মিটার; এবং

(গ) সিএনজি স্টেশন পেট্রোল পাম্পের সংলগ্ন বা সন্নিকটে হইলে ভূগর্ভস্থ তরল জ্বালানী ট্যাংকের ফিল পয়েন্ট হইতে ১০ মিটার এবং জ্বালানী সরবরাহ ইউনিট হইতে ৩ মিটার।

৬১। **নিরাপত্তা দূরত্ব শিথিলকরণ।**—(১) সংরক্ষিত পূর্তকর্ম অগ্নি বিরোধী কোন নিছিদ্র দেওয়াল দ্বারা পৃথকীকৃত হইলে প্রধান পরিদর্শক বিধি ৫৮, ৫৯ এবং ৬০ এ উল্লিখিত দূরত্ব হ্রাস করিতে পারিবেন।

(২) গ্যাস মজুদস্থান, সংকোচন যন্ত্র বা ডিসপেন্সিং পয়েন্ট, ধারণপাত্র ভর্তিকরণ স্থান অথবা সীমানা দেয়াল এবং অগ্নি নিরোধী দেয়ালের মধ্যে দূরত্ব ১ মিটারের কম হইবে না।

৬২। **ধারণপাত্র ভর্তির স্থান।**—(১) ধারণপাত্র ভর্তির স্থানটি প্রাঙ্গণের একটি নির্দিষ্ট জায়গায় স্থাপিত হইবে এবং বিশেষভাবে উক্ত স্থানটি ক্ষয়ক্ষতি বা অবৈধ অনুপ্রবেশ রোধের জন্য নিয়ন্ত্রিত প্রবেশ পথ সম্বলিত স্টীলের জালির বেষ্টনী দ্বারা সুরক্ষা করিতে হইবে।

(২) ধারণপাত্র পূরণ এলাকায় মজুদকৃত সিএনজি এর পরিমাণ ৩০০ ঘন মিটার (জলধারণ ক্ষমতা ১২০০ লিটার) এর বেশী হইবে না।

(৩) ধারণপাত্র পূরণ এলাকা গ্যাস মজুদ ইউনিট, প্রাঙ্গণের সীমানা দেয়াল, জন সমাগমস্থল অথবা সংরক্ষিত পূর্তকর্ম হইতে ৩ মিটারের কম দূরত্বের মধ্যে স্থাপন করা যাইবে না।

৬৩। **জন সমাগমস্থলে জ্বালানী সরবরাহ নিষিদ্ধ।**—জন সমাগমস্থলে বা রাস্তায় দাঁড়ানো যানবাহনে কোন ফিলিং স্টেশন হইতে জ্বালানী সরবরাহ করা যাইবে না।

৬৪। **মজুদ ব্যবস্থায় চাপ প্রশমন কৌশল।**—(১) গ্যাস মজুদের জন্য ব্যবহৃত প্রত্যেক সিলিন্ডার বা গ্যাসাধারে অনুমোদিত চাপ প্রশমন ব্যবস্থাদি এবং একটি অনুমোদিত বিচ্ছিন্নকরণ ভাল্‌ভ থাকিবে যাহা গ্যাস মজুদ ইউনিটের সহজগম্য স্থানে স্থাপিত হইবে এবং এই বিচ্ছিন্নকরণ ভাল্‌ভটির সাহায্যে চাপ প্রশমন ব্যবস্থা বন্ধ করা যাইবে না।

(২) অতিরিক্ত চাপ হইতে পাইপ ও গ্যাস মজুদ ব্যবস্থা রক্ষার জন্য ইহাতে নিরাপদ প্রশমন ব্যবস্থাদি থাকিবে।

(৩) মজুদ ব্যবস্থাদির সুরক্ষার উদ্দেশ্যে স্থাপিত প্রশমন কৌশল পর্যাপ্ত ক্ষমতা সম্পন্ন হইবে এবং এমনভাবে স্থাপন করিতে হইবে যেন উহা উক্ত সিস্টেমের সর্বোচ্চ কার্যচাপের অতিরিক্ত অনধিক শতকরা ২০ ভাগ চাপে কার্যক্ষম হয়।

(৪) নিরাপদ প্রশমন ব্যবস্থায় নিম্নবর্ণিত যে কোন একটি থাকিতে পারে, যথা ঃ—

(অ) সিলিন্ডারের সর্বোচ্চ কার্যচাপের অতিরিক্ত অনধিক শতকরা ২০ ভাগ চাপে কার্যকরী একটি বার্স্ট চাকতি (burst disk) ;

(আ) নির্দিষ্ট চাপে খোলা যায় এমন একটি চাপ প্রশমন ভাল্‌ভ ;

(৫) নিরাপদ প্রশমন ডিভাইস এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে নির্বিঘ্নে কোন নিরাপদ জায়গায় সম্পূর্ণ নির্গমন সম্ভব হয় এবং নির্গত গ্যাস যাহাতে কোন ইমারতের নিম্নস্থ কোটরের মধ্যে বা গ্যাসাধার, ভাল্‌ভ অথবা যন্ত্রাংশের সংস্পর্শে না আসে।

(৬) সার্ভিস ভাল্‌ভের সহিত সম্পৃক্ত নিরাপদ ভাল্‌ভ ছাড়া গ্যাসাধার এবং সিলিন্ডারের সহিত সংযুক্ত নিরাপদ প্রশমন ভাল্‌ভ উরম্বভাবে স্থাপন করিতে হইবে যাহা বৃষ্টিরোধী আবরণ যুক্ত হইবে।

৬৫। **সিএনজি স্থানান্তর ভাল্‌ভ।**—(১) গ্যাস মজুদ ইউনিট এবং যানবাহনে জ্বালানী সরবরাহ নলের (nozzle) মধ্যে নিম্নবর্ণিত ৪টি বন্ধকরণ ভাল্‌ভ সংযুক্ত করিতে হইবে, যেমন ঃ—

(অ) প্রত্যেক গ্যাস মজুদ ইউনিটে একটি অনুমোদিত দ্রুত কার্যকর গ্যাস বিচ্ছিন্নকরণ ভাল্‌ভ থাকিবে, যাহা গ্যাস মজুদ ইউনিটের কাছে ইস্পাতের সরবরাহ পাইপে স্থাপন করিতে হইবে এবং যাহাতে প্রত্যেক ইউনিটকে আলাদাভাবে বন্ধ ও অন্য ইউনিট হইতে বিচ্ছিন্ন করা যায়। এইরূপ ভাল্‌ভসমূহ নিরাপদ বেষ্টনীর মধ্যে থাকিবে;

(আ) গ্যাস মজুদ ইউনিটের কাছাকাছি কিন্তু বহিপার্শ্বে ইস্পাতের নির্গমন পাইপের বহির্ভাগে একটি প্রধান বন্ধকরণ ভাল্‌ভ স্থাপন করিতে হইবে এবং ভাল্‌ভের কাজ হইবে গ্যাস স্টোরেজ ইউনিটকে, উক্ত ইউনিট হইতে ভাটির দিকে সংযোগপ্রাপ্ত সরঞ্জামাদি হইতে বিচ্ছিন্ন করা ;

(ই) দ্রুততার সহিত কার্যকর একটি জরুরী বন্ধকরণ ভাল্‌ভ ইস্পাতের নির্গমন পাইপে স্থাপন করিতে হইবে যাহা যানে জ্বালানী সরবরাহকারীর সগজগম্য সস্থানে হয় এবং জ্বালানী সরবরাহ পয়েন্ট ব্যবহৃত না হইলে ভাল্‌ভ বন্ধ রাখিতে হইবে ;

(ঈ) জ্বালানী সরবরাহের প্রত্যেকটি নমনীয় হোস পাইপের জন্য একটি বন্ধকরণ ভাল্‌ভ (Shut-off) থাকিবে।

(২) যে উদ্দেশ্যে ভাল্‌ভগুলি স্থাপন করা হইয়াছে সেইগুলি পূর্ণ চাপ ও তাপমাত্রায় কার্যকর হইতে হইবে, যথা ঃ—

(ক) নির্মাতা ভাল্‌ভগুলির কার্যকারিতার হার ভাল্‌ভের গায়ে ছাপ বা অন্য কোন স্থায়ী চিহ্ন প্রদান করিয়া নির্দেশ করিবে ;

(খ) পাইপের সহিত সম্পর্কিত অন্যান্য, যেমন—ছাকনী (strainer) স্নুবার (snuber) এবং বর্ধিত সংযোগেও অনুরূপভাবে চিহ্নিত করিতে হইবে ;

(গ) প্রধান নিয়ন্ত্রণকারী বন্ধকরণ ভাল্‌ভ এবং জরুরী বন্ধকরণ ভাল্‌ভ স্পষ্টভাবে লেবেলযুক্ত হইবে, উক্ত লেবেলের অক্ষরের পরিমাপ কমপক্ষে ২০ সে. মি. হইবে; এবং

(ঘ) পিছনে হলুদ বা সাদা রং যুক্ত হইবে। ভাল্‌ভ বা ভাল্‌ভের লেবেলে স্পষ্টভাবে বন্ধ করিবার দিক নির্দেশনা থাকিবে।

৬৬। **পাইপ এবং হোস স্থাপন।**—(১) গ্যাস মজুদ ইউনিট এবং জরুরী, বিচ্ছিন্নকরণ ভাল্‌ভের মধ্যে সংযুক্ত শক্ত পাইপ, টিউব সংযুক্ত যন্ত্রাংশ ন্যূতম চাপ, তাপ এবং ভার বহনের ক্ষমতা সম্পন্ন হইবে এবং ন্যূনতম সেপটি ফ্যাক্টর যাহাতে ৮ হয় এমনভাবে ডিজাইনকৃত হইবে এবং গ্যাসকেট বা প্যাকিংসহ যে সব জিনিস ব্যবহৃত হইবে তাহা প্রাকৃতিক গ্যাস এবং উহার ব্যবহারের সহিত সামঞ্জস্যপূর্ণ হয়।

(২) পাইপ এবং টিউবগুলি যতদূর সম্ভব সোজাসোজিভাবে বিস্তৃত হইবে যাহাতে প্রসারণ, সংকোচন, ঝাঁকুনি, কম্পন বা স্থিত হওয়ার পর্যাপ্ত অবকাশ থাকে এবং বাহিরের পাইপ মাটির নীচে বা মাটির উপরেও এমনভাবে স্থাপন করা যাইতে পারে যাহাতে উপযুক্ত অবলম্বনযুক্ত হয় এবং যান্ত্রিক ক্ষতি হইতে সুরক্ষিত থাকে।

(৩) অন্য কোনভাবে সুরক্ষিত রাখিবার ব্যবস্থা না থাকিলে মাটির নীচের পাইপ ৪৫ সে. মি. এর কম গভীরে বসানো যাইবে না এবং মাটির নীচের পাইপগুলি বিদ্যমান স্বীকৃত পদ্ধতিতে ক্ষয়রোধের ব্যবস্থা করিতে হইবে। প্যাঁচযুক্ত পাইপ ও ফিটিংস মাটির নীচে স্থাপন করা যাইবে না।

(৪) সকল জ্বালানী সরবরাহ হোস এবং যন্ত্রাংশসমূহ এমন ধরনের হইবে যাহাতে বৈদ্যুতিক প্রজ্বলন রোধ করিতে সক্ষম হয়।

(৫) নমনীয় হোস শুধুমাত্র জরুরী এবং বিচ্ছিন্নকরণ ভাল্‌ভের নিম্ন অভিমুখে ব্যবহার করা যাইবে।

(৬) সংযোগের পর সিস্টেমের পাইপ, টিউব হোস এবং হোস সংযুক্ত যন্ত্রাংশের নিশ্ছিদ্রতা কমপক্ষে উক্ত অংশের স্বাভাবিক কার্যচাপে পরীক্ষা করিতে হইবে এবং চাপ প্রশমন ভাল্‌ভ অন্যূন প্রতি ৫ বৎসর অন্তর পরীক্ষা করিতে হইবে।

(৭) প্রত্যেক জ্বালানী সরবরাহ কার্যনল এমন ডিজাইনের হইবে যাহা বাহ্যিক সুরক্ষা এবং জ্বালানী সরবরাহকালে অতর্কিতভাবে গ্যাস নির্গমনের ফলে সৃষ্ট যে কোন প্রভাব সহ্য করিতে সক্ষম হয়।

৬৭। **সংকোচন যন্ত্রপাতি।**—(১) সংকোচন যন্ত্রপাতি যাহাতে সিএনজি ব্যবহার এবং স্বাভাবিক কার্যচাপ ও তাপমাত্রায় ব্যবহার উপযোগী হয় এমনভাবে ডিজাইনকৃত হইবে, যাহাতে ইহার একটি প্রশমন ব্যবস্থা থাকিবে যাহা সিলিন্ডার এবং ঐ সংকোচন কার্যে ব্যবহৃত পাইপের সর্বোচ্চ কার্যচাপকে প্রত্যেক স্তরে নিয়ন্ত্রণ করিবে।

(২) নিয়ন্ত্রণ ব্যবস্থার ডিজাইন স্বাভাবিক কার্যকর অবস্থায় প্রত্যাশিত চাপ, তাপ ও সার্ভিস উপযোগী হইতে হইবে।

(৩) কোন সিএনজি স্টেশনের সিএনজি কম্প্রেসারে বাতাস প্রবেশ করিতে দেওয়া যাইবে না।

৬৮। **চাপ মাপার যন্ত্র স্থাপন।**—(১) সংকোচন নির্গমণ চাপ, মজুদ চাপ এবং জ্বালানী সরবরাহ আধারের পূরণ চাপ নির্ণয়ের জন্য একটি চাপ পরিমাপক (pressure gauge) স্থাপন করিতে হইবে।

(২) চাপ পরিমাপক যন্ত্র প্রতি তিন বৎসর অন্তর পরীক্ষা করিতে হইবে।

৬৯। **বৈদ্যুতিক যন্ত্র ইত্যাদি।**—(১) বিপজ্জনক এলাকায় স্থাপনযোগ্য সকল বৈদ্যুতিক যন্ত্রপাতির ক্ষেত্রে নিম্নরূপ স্ট্যান্ডার্ডসমূহ অনুসরণ করিতে হইবে, যথা ঃ—

(ক) বিএস-৪৬৮৩ বিস্ফোরক এর ক্ষেত্রে বৈদ্যুতিক যন্ত্রপাতি ;

(খ) বিএস-২২৯ বৈদ্যুতিক যন্ত্রপাতির জন্য শিখানিরোধী বেষ্টনী ; এবং

(গ) বিএস-৪১৩৭ বিপজ্জনক শ্রেণীর ডিভিশন-২ এলাকার ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি নির্বাচনের জন্য গাইড।

(২) শিখা নিরোধী (flame proof) বা অন্তর্নিহিতভাবে নিরাপদ নয় এইরূপ বৈদ্যুতিক সরঞ্জামাদি সম্পন্ন বিপজ্জনক এলাকার মধ্যে কোন ইমারত নির্মিত হইলে উহা অভেদ্য বস্তু দ্বারা নির্মিত হইবে এবং উহার অবস্থান এমন হইবে যাহাতে গ্যাস নির্গমণ পথ কোন বিপজ্জনক এলাকার জন্য নির্দেশিত গ্যাস নির্গমণ পথের সমান বা বৃহত্তর হয়।

(৩) সংকোচন যন্ত্রাংশ, মজুদ স্থাপনা এবং সরবরাহ সরঞ্জামাদি বৈদ্যুতিক লাইনের নীচে এবং ত্রুটিপূর্ণ লাইনের উন্মুক্ত অংশের নীচে স্থাপিত হইবে না।

## অষ্টম অধ্যায়
## যানবাহনে জ্বালানী সরবরাহ সংক্রান্ত কার্যক্রম

৭০। **সর্বোচ্চ পূরণ চাপ।**—(১) কোন ব্যক্তি কোন সিলিন্ডারে বা আধারে উহার ডিজাইন চাপের অতিরিক্ত চাপে সিএনজি ভর্তি করিবেন না।

(২) উপ-বিধি (১) এর বিধান সাপেক্ষে কোন যানবাহনের জ্বালানী ধারণপাত্রের সর্বোচ্চ পূরণ চাপ ২১° সেলসিয়াস তাপমাত্রায় ১৬৫ কিলোগ্রাম/সে.মি.$^{২}$ অথবা অন্য কোন তাপমাত্রায় উহার সমতুল্য।

(৩) কোন জ্বালানী সরবরাহ ধারণপাত্রের স্থিরকৃত চাপ উক্ত ধারণপাত্রের গায়ে লিপিবদ্ধ ও সংযোগস্থলের কাছাকাছি স্থানে প্রদর্শিত এবং পূরণকালে বিরাজিত তাপমাত্রায় সংশোধিত কার্যচাপের বেশী হইবে না।

(৪) সিএনজি বিতরণ ব্যবস্থা (dispensing system) এমন সরঞ্জামাদি সম্পন্ন হইতে হইবে যাহাতে জ্বালানী ধারণপাত্রে সরবরাহ তাপমাত্রায় সংশোধিত পূরণ চাপে পৌছার সাথে সাথে স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হইয়া যায়।

৭১। **অগ্নি উৎস নিষিদ্ধ।**—(১) পাত্রান্তর কার্যক্রম চলিবার সময়ে কোন অগ্নি উৎস ভর্তি সংযোগের ৩ মিটার এর মধ্যে আনা যাইবে না।

(২) জ্বালানী ভর্তি স্থানের কাছাকাছি জায়গায় এই মর্মে একটি সতর্কবাণী স্থাপন করিতে হইবে যে, জ্বালানী সরবরাহ কার্যক্রমের ৬ মিঃ এর মধ্যে ধূমপান বা খোলা আগুন নিষিদ্ধ। উক্ত সতর্কবাণী ৩০ মিঃ দূরত্ব হইতে সহজে পঠনযোগ্য হইতে হইবে।

(৩) "মোটর বন্ধকরণ", "ধূমপান নিষিদ্ধ", "খোলা আগুন নিষিদ্ধ", "দাহ্য গ্যাস" শব্দাবলী সম্বলিত সতর্কবাণী রিফুয়েলিং স্টেশনে ও কমপ্রেসার এলাকায় স্থাপন করিতে হইবে এবং সর্তকবাণীর অবস্থান অবস্থা অনুযায়ী নির্ধারিত হইবে।

৭২। **জ্বালানী সরবরাহ সংযোগ।**—যানবাহনে জ্বালানী সরবরাহের জন্য সকল সংযোগ একই ধরণের হইতে হইবে এবং অনুমোদিত জ্বালানী সরবরাহ সংযোগ শলাকা ধরনের (probe type) হইবে।

৭৩। **অগ্নি দুর্ঘটনা প্রতিরোধ।**—জ্বালানী সরবরাহ এলাকায় একটি বহনযোগ্য অগ্নি নির্বাপক থাকিতে হইবে যাহার রেটিং ২০ বিসি এর কম হইবে না।

৭৪। **সিএনজি ভর্তিকরণে পালনীয় নির্দেশনা।**—জ্বালানী সরবরাহে ব্যবহৃত হোস পাইপের সন্নিকটে এবং সহজে দৃশ্যমান অবস্থানে নিম্নলিখিত নির্দেশনাসমূহ টাঙ্গানো থাকিবে, যথা ঃ—

নিশ্চিত হউন যে,—

(ক) অনুমোদিত সনাক্তকরণ লেভেল যথোপযুক্ত স্থানে স্থাপন করা হইয়াছে ;

(খ) জ্বালানী সংগ্রহের উদ্দেশ্যে দণ্ডায়মান যানের অবস্থান হইতে ৬ মিটারের মধ্যে কোন ধূমপান করা হয় না এবং অগ্নিস্ফুলিঙ্গ সৃষ্টির সম্ভাবনা নাই ;

(গ) যানটি হস্তচালিত ব্রেক (hand brake) দৃঢ়ভাবে প্রয়োগ করা আছে ;

(ঘ) মোটরযান ইঞ্জিনের প্রজ্বলন (ignition) ও বৈদ্যুতিক ব্যবস্থা এবং সর্টওয়েভ যোগাযোগ সরঞ্জামসহ বেতার বন্ধ করা হইয়াছে ;

(ঙ) মোটরযানে স্থাপিত সিলিন্ডার পর্যাবৃত্ত পরীক্ষণ মেয়াদের মধ্যে আছে এবং পরীক্ষণ পদ্ধতি বিধিবদ্ধ বিধান অনুসারে সম্পন্ন করা হইয়াছে এবং সেইমর্মে পরিদর্শন প্রত্যয়ন গ্রহণ করা হইয়াছে ;

(চ) যানটির সিএনজি সরঞ্জামাদিতে কোন ছিদ্র নাই ; এবং

(ছ) জ্বালানী সংযোগ উত্তম অবস্থায় আছে এবং উহার ডিসপেন্সার ফিলার নজলের সহিত সামঞ্জস্যপূর্ণ।

৭৫। **ভর্তিকরণ পদ্ধতি।**—মোটরযানে সংযুক্ত জ্বালানী ধারণপাত্রে জ্বালানী ভর্তিকরণের সময় নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা ঃ—

(ক) মোটরযানের জ্বালানী সরবরাহের সংযোগ স্থল হইতে ময়লা প্রতিরোধকারী ছিপি অপসারণ করিতে হইবে;

(খ) জ্বালানী সরবরাহ নলটি ফিল পয়েন্টে যুক্ত করিতে হইবে;

(গ) ধীরগতি ভর্তি (trickle filling) পদ্ধতিতে ভর্তিকরণ ব্যতীত অন্যান্য পদ্ধতিতে ভর্তিকরণ কার্যক্রম চলাকালে মোটরযানটি দৃষ্টির অগোচরে রাখা যাইবে না;

(ঘ) মজুদ সিলিন্ডার হইতে মোটরযানের সিলিন্ডারে সিএনজি সরবরাহের সময় রিফুয়েলিং ভাল্‌ভ আস্তে আস্তে খুলিতে হইবে; এবং ভর্তিকরণ ধাক্কা ও গ্যাসের দ্রুত তাপমাত্রা বৃদ্ধি রোধকল্পে সিএনজি ধীরে ধীরে মোটরযানে সরবরাহ করিতে হইবে;

(ঙ) ভর্তিকরণ সমাপ্ত হইলে রিফুয়েলিং ভাল্‌ভ বন্ধ করিতে হইবে;

(চ) ভর্তিকরণ নলের অগ্রভাগ দিয়া নির্গত গ্যাসের পরিমান যাহাতে যথাসম্ভব সর্বনিম্ন পর্যায়ে থাকে সেই উদ্দেশ্যে ভর্তিকরণ নল সতর্কতার সহিত বিচ্ছিন্ন করিতে হইবে; এবং

(ছ) হোস পাইপটি ডিসপেন্সারে যথাস্থানে রাখিতে হইবে।

৭৬। **জ্বালানী ভর্তিকৃত যানটি পর্যবেক্ষণ।**—কোন যান জ্বালানী ভর্তিস্থল হইতে চলিয়া যাওয়ার পূর্বে মনোযোগ সহকারে উহা পর্যবেক্ষণ করিতে হইবে, যাহাতে ত্রুটিপূর্ণ ভর্তিকরণ অথবা ত্রুটিপূর্ণ সংযোগ সরঞ্জামাদি অপসারণের কারণে যানটিতে অথবা ডিসপেন্সিং পয়েন্টে কোন ছিদ্র না থাকে।

৭৭। **সিএনজি স্টেশনের নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণ।**—(১) সিএনজি স্টেশনের সরঞ্জামাদি ও যন্ত্রপাতি সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণ ও সক্রিয় রাখিতে হইবে।

(২) সিএনজি রিফুয়েলিং স্টেশনের পরিচালক নিয়মিতভাবে নিম্নলিখিত নিরাপত্তা পরীক্ষণ ও পর্যবেক্ষণ এবং জরীপের ব্যবস্থা গ্রহণ করিবেন ঃ

(ক) বিধি ৭৮ অনুসারে রিফুয়েলিং স্টেশনের যন্ত্রপাতি এবং সরঞ্জামাদি অনূর্দ্ধ ৩ মাস অন্তর পর্যবেক্ষণ করিতে হইবে; এবং

(খ) বিধি ৭৯ অনুসারে রিফুয়েলিং স্টেশন জরীপ করিতে হইবে।

(৩) সিএনজি রিফুয়েলিং স্টেশনের কোন কর্মচারী কর্তৃক উক্ত স্টেশনের ঝুঁকিপূর্ণ যন্ত্রপাতি বা সরঞ্জাম অথবা পরিস্থিতি দৃষ্টিগোচর হইলে তিনি উহা সিএনজি পরিচালককে অবিলম্বে অবহিত করিবেন।

(৪) উপযুক্ত সংস্থা ব্যতীত কোন যন্ত্রপাতির সীল ভাঙ্গা বা পুনঃ সীলকরণ করা যাইবে না।

৭৮। **যন্ত্রপাতির ও সরঞ্জামাদির পর্যবেক্ষণ ও পরীক্ষণ।**—(১) শুধুমাত্র উপযুক্ত প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তিগণই রিফুয়েলিং স্টেশনের যন্ত্রপাতি ও সরঞ্জামাদির পর্যবেক্ষণ ও পরীক্ষণকালে প্রয়োজনীয় নিরাপত্তা সংক্রান্ত সংস্কারের দায়িত্বে থাকিবেন।

(২) ফরম-গ অনুসারে সরঞ্জামাদি পরীক্ষণকালে নূন্যতম পর্যবেক্ষণ ও পরীক্ষণের ব্যবস্থা করিতে হইবে।

(৩) পর্যাবৃত্ত পর্যবেক্ষণ ও পরীক্ষণকালে সনাক্তকৃত কোন ক্রটি যত শীঘ্র সম্ভব কোন প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক সংশোধন করিতে হইবে।

৭৯। **নিরাপত্তা বিষয়ক বার্ষিক জরীপ।**—(১) বিধি ৭৭ (২) (খ) এর বিধান অনুসারে সিএনজি রিফুয়েলিং স্টেশনের নিরাপত্তা বিষয়ক বার্ষিক জরীপ কার্য কোন যোগ্য ব্যক্তি কর্তৃক সম্পাদন করিতে হইবে।

(২) নিরাপত্তা সংক্রান্ত বার্ষিক জরীপ সম্পাদিত অন্যান্য পর্যবেক্ষণ ও পরীক্ষণের অতিরিক্ত পরিপূরক হিসাবে বিবেচনা করিতে হইবে।

(৩) নিরাপত্তা সংক্রান্ত বার্ষিক জরীপে কমপক্ষে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহ অন্তর্ভুক্ত থাকিবে,

(ক) প্রত্যেকটি কমপ্রেসার ইউনিটের গ্যাস নিরাপত্তা সংশ্লিষ্ট সেফটি এবং সাটডাউন ডিভাইস পরীক্ষণ ও পর্যবেক্ষণ;

(খ) সকল কমপ্রেসার রিলিফ ভাল্‌ভের ক্যালিব্রেশন ও রিসিলিং পরীক্ষণ;

(গ) মজুদ গ্যাসাধার বা সিলিন্ডারের প্রযোজ্য ক্ষেত্রে রিলিফ ভাল্‌ভের ক্যালিব্রেশন ও রিসিলিং পরীক্ষণ;

(ঘ) জরুরী সাটডাইন সরঞ্জামাদির কার্যক্ষমতা পরীক্ষণ; এবং

(ঙ) ক্যাসকেড মজুদাগারে মজুদকৃত রিলিন্ডারসমূহ বিধি অনুসারে পরীক্ষণ করা হইয়াছে কিনা তাহা পর্যবেক্ষণ।

(৪) নিরাপত্তা বিষয়ক বার্ষিক জরীপকালে প্রাপ্ত ক্রটিসমূহ কোন যোগ্য ব্যক্তি কর্তৃক সংশোধন করিতে হইবে।

৮০। **সিএনজি স্টেশনের পরিদর্শন**।—(১) কোন সিএনজি স্টেশনের যন্ত্রপাতি এবং সরঞ্জামাদির নিরাপত্তা ও নিরাপদ পরিচালনা বিষয়ে প্রত্যয়ণের লক্ষ্যে স্টেশনের মালিক বা পরিচালক নিশ্চিত করিবেন যে, উক্ত স্টেশনটি অন্যূন ২ বৎসর অন্তর একবার কোন যোগ্য ব্যক্তি কর্তৃক পরিদর্শন করা হইয়াছে এবং এইরূপ প্রথম পরিদর্শন এবং বিধিমালা কার্যকর হইবার ১ বৎসরের মধ্যে সম্পাদন করিতে হইবে।

(২) এই বিধির উপ-বিধি(১) অনুসারে কোন যোগ্য ব্যক্তি কর্তৃক পরিদর্শন সম্পন্ন করা হইলে তিনি ফরম-ঘ অনুযায়ী একটি সনদপত্র জারী করিবেন।

(৩) পরিদর্শনের সময় পরিদর্শনকারী ফরম-ঙ তে বর্ণিত পরিদর্শন চেক-লিস্ট অনুযায়ী বিবরণী লিপিবদ্ধ করিবেন।

৮১। **লগবুক**।—(১) এই পরিচ্ছেদের বিধান অনুসারে সিএনজি পরিচালক প্রাঙ্গণে সর্বদা একটি হালনাগাদ লগবুক সংরক্ষণ করিবেন।

(২) সময়ের ক্রম অনুসারে নিম্নলিখিত কার্যাবলী এবং ঘটনাসমূহ লগবুকে লিপিবদ্ধ করিতে হইবে, যথা ঃ—

(ক) সকল ঝুঁকিপূর্ণ যন্ত্রপাতি, সরঞ্জামাদি এবং পরিস্থিতির বিবরণ;

(খ) এই বিধিমালার বিধি ৭৭ হইতে বিধি ৭৯ এর বিধানসমূহ অনুসারে সম্পাদিত পর্যবেক্ষণ এবং গৃহীত জরীপের বিবরণ;

(গ) এই বিধিমালার বিধি ৮০ অনুসারে সম্পাদিত পরিদর্শনে দৃষ্ট বিষয়ে বিবরণ;

(ঘ) বিধি ৭৮ হইতে ৮০ এর বিধানাবলী অনুসারে সংশোধিত ত্রুটিসমূহের বিবরণ;

(ঙ) অধিক চাপ প্রতিরোধক ব্যবস্থায় অপ্রত্যাশিত ঘটনাবলী;

(চ) সিএনজি স্থাপনায় কোন যন্ত্রপাতি বিকল সংক্রান্ত ঘটনাবলী;

(ছ) নিরাপত্তা নিশ্চিতকরণ এবং নিয়ন্ত্রণ কৌশলের সীল ভাঙ্গার যাবতীয় ঘটনাবলী।

(৩) সিএনজি রিফুয়েলিং স্টেশনে কার্য সম্পাদন ও মেরামতকারী ব্যক্তি তাহার পরিচয়সহ গৃহীত কার্যাদির বিবরণ লগবুকে লিপিবদ্ধ করিবেন।

৮২। **ঝুঁকিপূর্ণ বা বিপজ্জনক সিএনজি সরবরাহ স্টেশন**।—(১) সিএনজি পরিচালক কোন ঝুঁকিপূর্ণ বা বিপজ্জনক সিএনজি স্টেশন হইতে সিএনজি সরবরাহ করিবেন না।

(২) নিম্নলিখিত পরিস্থিতিতে, সিএনজি স্টেশন ঝুঁকিপূর্ণ বা বিপজ্জনক হইতে পারে, যথা ঃ—

(ক) বিধি ৮০ অনুসারে কোন জ্বালানী সরবরাহ স্টেশন পরিদর্শন করাইয়া লইতে ব্যর্থ হওয়া; বা

(খ) বিকল বা ঝুঁকিপূর্ণ সরঞ্জামাদি বা যন্ত্রপাতির অনবরত ব্যবহার; বা

(গ) সীলবিহীন নিরাপত্তা বা নিয়ন্ত্রণ যন্ত্রাদি।

৮৩। **জরুরী পরিকল্পনা এবং পদ্ধতি।**—(১) সিএনজি রিফুয়েলিং স্টেশনের পরিচালক একটি জরুরী কার্য পরিকল্পনা সংরক্ষণ করিবেন যাহাতে উহা নিম্নলিখিত অবস্থায় বাস্তবায়ন করা যায় ঃ—

(ক) গ্যাসের সরবরাহ হ্রাস বা বিঘ্নিত হইলে;

(খ) গ্যাসের বৈশিষ্ট্য মানসম্মত না হইলে;

(গ) অতিরিক্ত বা নিম্নমাত্রায় গ্যাস গন্ধযুক্তকরণকালে;

(ঘ) সিএনজি সরঞ্জামাদি বা যন্ত্রপাতিতে বড়ধরনের ত্রুটি দেখা দিলে;

(ঙ) দুর্ঘটনা বা অন্য কোন জরুরী অবস্থা যাহা সিএনজি স্টেশনের সহিত জড়িত বা জড়িত হওয়ার আশঙ্কা থাকিলে;

(চ) সাধারণ জরুরী অবস্থা দেখা দিলে; এবং

(ছ) সিএনজি সরবরাহ স্টেশনের অবস্থান বা ব্যবহার হইতে সৃষ্ট অন্য কোন বিপদ দেখা দিলে।

২। পরিচালন সংক্রান্ত জরুরী পরিকল্পনায় নিম্নলিখিত বিষয়াবলী অন্তর্ভুক্ত হইবে, যথা ঃ—

(ক) জরুরী অবস্থার সৃষ্টি হইলে উপযুক্ত রক্ষণাবেক্ষণ এবং পরিচালন কর্মচারীদেরকে তাহাদের দায়িত্ব সম্বন্ধে অবহিতকরণ; এবং

(খ) ফায়ার সার্ভিস, পুলিশ, গ্যাস সরবরাহকারী সংস্থাসহ উপযুক্ত কর্তৃপক্ষ বা সংস্থার সহিত যোগাযোগ স্থাপন; এবং

(গ) সিএনজি সরঞ্জামাদি ও যন্ত্রপতি এবং কলকব্জা পৃথক রাখিবার এবং জরুরী অবস্থা মোকাবেলার লক্ষ্যে বিস্তারিত পদ্ধতি।

৮৪। **কর্মচারীদের প্রশিক্ষণ।**—(১) সিএনজি রিফুয়েলিং স্টেশনের পরিচালক এই মর্মে নিশ্চিত করিবেন যে সকল রক্ষণাবেক্ষণ ও পরিচালন কার্যের জন্য যে কার্য পদ্ধতি স্টেশনে বিদ্যমান আছে তাহা উক্ত সিএনজি স্টেশনের সকল কর্মচারী কর্তৃক অনুসৃত হইবে।

(২) কার্যপদ্ধতিতে সম্ভাব্য বিপদ চিহ্নিত করা এবং উহার উপযুক্ত নিরাময়ের ব্যবস্থা থাকিবে।

(৩) সিএনজি পরিচালক নিশ্চিত করিবে যে সিএনজি স্টেশনের সকল কর্মচারী যথাযথ প্রশিক্ষণপ্রাপ্ত ও করণীয় কার্যে উপযুক্ত এবং কার্যপদ্ধতি ও জরুরী কার্য পরিকল্পনা বাস্তবায়নে উপযুক্ত।

৮৫। **প্রশিক্ষণ এবং পুনঃনিরীক্ষণ কার্যক্রম।**—(১) সিএনজি পরিচালক সিএনজি স্টেশনের কর্মচারীদের প্রশিক্ষণ ও পুনঃনিরীক্ষণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করিবেন বা করিবার ব্যবস্থা করিবেন।

(২) সিএনজি পরিচালক তাহার স্টেশনে প্রশিক্ষণরত কোন ব্যক্তির পর্যাপ্ত তত্ত্বাবধান নিশ্চিত করিবেন।

(৩) সিএনজি পরিচালক তাহার স্টেশনে কর্মরত ব্যক্তিদের জন্য প্রতি তিন বৎসরে একবার পুনঃপ্রশিক্ষণের ব্যবস্থা করিবেন।

(৪) সিএনজি পরিচালক সিএনজি ফিলিং স্টেশনে নিম্নলিখিত বিষয়সম্বলিত একটি হালনাগাদ রেকর্ড সংরক্ষণ করিবেন ঃ—

(ক) সিএনজি রিফুয়েলিং স্টেশনের যে সকল কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হইয়াছে তাহাদের নামের তালিকা; এবং

(খ) কর্মচারীদের উপযুক্ততা মূল্যায়নের ফলাফল।

৮৬। **নিরাপদ পরিচালন এবং গ্যাস সরঞ্জামাদি ও যন্ত্রপাতির ব্যবহারের দায়িত্ব।**—(১) সিএনজি রিফুয়েলিং স্টেশনের মালিক, পরিচালক অথবা এমন কোন ব্যক্তি যিনি সিএনজি পদ্ধতির কোন সরঞ্জামাদি বা যন্ত্রপাতি ব্যবহার করেন তিনি সরঞ্জামাদি, যন্ত্রপাতি বা স্থাপনা নিরাপদভাবে পরিচালনার এবং নিরাপদ উপায়ে সংরক্ষণের জন্য এই বিধিমালার বিধানাবলী সম্পূর্ণরূপে পালন নিশ্চিত করিবার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবেন।

(২) কোন ব্যক্তি যিনি কোন সিএনজি সরঞ্জামাদি, যন্ত্রপাতি বা রিফুয়েলিং স্টেশন ভাড়া বা ইজারা প্রদান করিবেন তিনি উহা ভাড়া বা ইজারা দেওয়ার পূর্বে নিশ্চিত হওয়ার লক্ষ্যে এইরূপ পদক্ষেপ গ্রহণ করিবেন যে—

(ক) সরঞ্জামাদি, যন্ত্রপাতি ও রিফুয়েলিং স্টেশন নিরাপদ অবস্থায় আছে; এবং

(খ) সরঞ্জামাদি, যন্ত্রপাতি ও স্টেশন নিরাপদ ব্যবহার করিবার নিমিত্তে সকল নির্দেশনা প্রদান করা হয়।

## নবম অধ্যায়

## লাইসেন্স

৮৭। **লাইসেন্সের জন্য দরখাস্ত।**—(১) সিএনজি রিফুয়েলিং স্টেশনের জন্য লাইসেন্স পাইতে উচ্ছুক ব্যক্তি ফরম-চ অনুযায়ী প্রধান পরিদর্শকের নিকটে একটি দরখাস্ত দাখিল করিবেন।

(২) সরকার কর্তৃক সময় সময় গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে নির্ধারিত লাইসেন্স ফি জমা দিয়া ট্রেজারী চালানের কপি দরখাস্তের সহিত দাখিল করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন দরখাস্তের সহিত নিম্নবর্ণিত তথ্যাদি সম্বলিত ৫ সেট নকশা দাখিল করিতে হইবে, যথাঃ—

(ক) লাইসেন্সের জন্য প্রস্তাবিত প্রাংগণ এলাকা পরিষ্কারভাবে চিহ্নিতপূর্বক প্রাংগণের পরিসীমার চতুস্পার্শ্বে অন্যূন ১০০ মিটার দূরত্বে অবস্থিত স্থাপনাদির চিত্র;

(খ) উক্ত প্রাংগণে স্থাপিতব্য কমপ্রেসার, গ্যাস মজুদের ধারণপাত্র, ডিসপেন্সিং ইউনিট, স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী ধারণপাত্র ভর্তি এলাকা এবং উপগ্রহ সিএনজি স্টেশনে প্রেরণের জন্য আধারে সিএনজি ভর্তি এলাকা প্রভৃতির অবস্থান;

(গ) উক্ত প্রাংগণ ও উহাতে অবস্থিত সুবিধাদির নিরাপত্তা বিধানের জন্য এই বিধিমালার প্রযোজ্য বিধানাবলী পালনের পরিকল্পনা।

(৪) উপ-বিধি (৩) এর অধীনে দাখিলকৃত দরখাস্ত বিবেচনার সুবিধার্থে প্রদান পরিদর্শক দরখাস্তকারীকে প্রয়োজনীয় তথ্য ও কাগজপত্র সরবরাহের নির্দেশ দিতে পারিবেন এবং প্রয়োজনবোধে তিনি নিজে উপরোল্লিখিত পরিবহন যান বা প্রাংগণ পরিদর্শন করিতে পারিবেন বা একজন বিস্ফোরক পরিদর্শককে উপরোক্ত পরিবহন যান বা প্রাংগণ পরিদর্শন করিবার জন্য নির্দেশ প্রদান করিতে পারিবেন।

(৫) উপ-বিধি (৩) ও (৪) এর অধীন দাখিলকৃত নকশা ও বিনির্দেশ নিরীক্ষা এবং প্রাংগণ পরিদর্শন করিয়া প্রধান পরিদর্শক যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, সিএনজি নিরাপদে সংকোচন, মজুদ এবং স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী ধারণপাত্রে এবং উপগ্রহ সিএনজি স্টেশনে প্রেরণের জন্য আধারে ভর্তি করা যাইবে, তাহা হইলে তিনি দরখাস্ত প্রাপ্তির ৩০ দিনের মধ্যে একখানা বা এক সেট, যাহা প্রযোজ্য, নকশা অনুমোদন করিয়া ফেরত দিবেন এবং ফরম-ছ অনুযায়ী আবেদনকারীকে লাইসেন্স প্রদান করিবেন।

(৬) উপ-বিধি(৫) এ উল্লিখিত নকশা, প্রার্থিত লাইসেন্সের শর্ত এবং সংশ্লিষ্ট বিধি বিধান অনুসারে সিএনজি রিফুয়েলিং স্টেশনের নির্মাণ সম্পন্ন করিয়া লাইসেন্স প্রার্থী ফরম-জ অনুসারে নির্মাণ সম্পন্নকরণের প্রতিবেদন এবং সংশ্লিষ্ট বিধি বিধান পালনের অঙ্গীকারপত্র লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করিবেন।

(৭) উপ-বিধি(৬) এ উল্লিখিত প্রতিবেদন এবং অঙ্গীকারপত্র প্রাপ্তির পর লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সিএনজি রিফুয়েলিং স্টেশন প্রাঙ্গণ পরিদর্শন করিয়া একটি প্রতিবেদন দাখিল করিবেন এবং দরখাস্ত প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রার্থিত লাইসেন্স মঞ্জুরের বিষয়টি বিবেচনা করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ প্রার্থিত লাইসেন্স মঞ্জুর করিতে না পারিলে, কারণ উল্লেখপূর্বক তাঁহার সিদ্ধান্ত উক্ত সময়সীমার মধ্যে দরখাস্তকারীকে লিখিতভাবে জানাইয়া দিবেন।

৮৮। **জেলা প্রশাসনের আপত্তি।**—কোন স্থানে সিএনজি রিফুয়েলিং স্টেশন নির্মাণের ব্যাপারে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের আপত্তি থাকিলে সরকারের সম্মতি ব্যতিরেকে সেই স্থানে লাইসেন্স মঞ্জুর করা যাইবে না।

৮৯। **লাইসেন্সের মেয়াদ।**—যে পঞ্জিকা বৎসরে লাইসেন্স মঞ্জুর করা হয় সেই বৎসরের ৩১ শে ডিসেম্বর পর্যন্ত উহা বহাল থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সাময়িক কোন বিশেষ প্রয়োজনে স্বল্প মেয়াদের জন্য লাইসেন্সের আবশ্যকতা দেখা দিলে ৩১ শে ডিসেম্বরের পূর্বের কোন তারিখ পর্যন্ত মেয়াদের লাইসেন্স মঞ্জুর করা যাইবে।

৯০। **লাইসেন্স সম্পর্কে রেকর্ড সংরক্ষণ।**—(১) বিধি ৮৭ এর অধীনে মঞ্জুরীকৃত লাইসেন্স ও তৎসংযুক্ত অনুমোদিত নকশার একটি করিয়া অনুলিপি লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করিবেন এবং একটি রেজিস্টারে সংক্ষেপে উহার বিবরণ লিপিবদ্ধ করিয়া রাখিবেন।

(২) সংশ্লিষ্ট জেলা প্রশাসককে অবহিত রাখিয়া এই বিধিমালার অধীন লাইসেন্স মঞ্জুর করিতে হইবে।

৯১। **লাইসেন্সে লিপিবদ্ধ শর্ত পরিবর্তন ইত্যাদি।**—(১) প্রধান পরিদর্শক কোন বিশেষ পরিস্থিতিতে এবং এই বিধিমালার বিধানের সহিত সংগতি রাখিয়া কোন লাইসেন্সের শর্ত পরিবর্তন বা বর্জন বা অতিরিক্ত শর্ত আরোপ করিতে পারিবেন।

৯২। **লাইসেন্স সংশোধন।**—(১) এই বিধির অন্যান্য বিধান সাপেক্ষে, লাইসেন্সধারীর দরখাস্তের প্রেক্ষিতে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ লাইসেন্স সংশোধন করিতে পারিবেন।

(২) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের লিখিত পূর্বানুমোদন ব্যতীত লাইসেন্সকৃত সিএনজি রিফুয়েলিং স্টেশনের কোনরূপ রদবদল করা যাইবে না এবং এইরূপ অনুমোদিত সকল রদবদল এই লাইসেন্সের সহিত সংযুক্ত সংশোধিত নকশায় দেখাইতে হইবে।

(৩) লাইসেন্স সংশোধনের উদ্দেশ্যে লাইসেন্সধারী নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ দরখাস্ত করিবেন ঃ

(ক) সরকার কর্তৃক সময় সময় গেজেট বিজ্ঞপ্তি মারফত নির্ধারিত ফি;

(খ) যে লাইসেন্স সংশোধন করা হইবে উহার মূল কপি এবং তৎসংযুক্ত অনুমোদিত নকশা;

(গ) লাইসেন্সকৃত প্রাংগণে মৌলিক কোন পরিবর্তনের ক্ষেত্রে প্রস্তাবিত পরিবর্তন নকশায় প্রদর্শন করিয়া বিধি ৮৭ এর উপ-বিধি (৩) অনুসারে অংকিত ৫ সেট নকশা।

(৪) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ লাইসেন্স সংশোধনের দরখাস্ত প্রাপ্তির ৩০ দিনের মধ্যে তৎসম্পর্কে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করিবেন এবং প্রার্থিত সংশোধন প্রত্যাখ্যান করিলে উহার কারণ সম্পর্কে উক্ত সময়ের মধ্যে দরখাস্তকারীকে লিখিতভাবে অবহিত করিবেন।

৯৩। **লাইসেন্স নবায়ন।**—(১) অ্যাক্ট বা বিধিমালার কোন বিধান অথবা লাইসেন্সের কোন শর্ত লঙ্ঘিত না হইলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কোন লাইসেন্স অন্যূন এক পঞ্জিকা বৎসর এবং অনধিক তিন পঞ্জিকা বৎসরের জন্য নবায়ন করিতে পারিবেন ঃ

তবে শর্ত থাকে যে, প্রধান পরিদর্শক কর্তৃক মঞ্জুরীকৃত কোন লাইসেন্স তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন বিস্ফোরক পরিদর্শক নবায়ন করিতে পারিবেন।

(২) লাইসেন্স নবায়নের উদ্দেশ্যে লাইসেন্সধারী সংশ্লিষ্ট লাইসেন্সের মেয়াদ যে পঞ্জিকা বৎসরে শেষ হয় সেই বৎসরের ২রা ডিসেম্বর বা তৎপূর্বে নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ লাইসেন্স নবায়নকারী কর্তৃপক্ষেরও নিকট দাখিল করিবেন, যথা ঃ—

(ক) লাইসেন্সের মূল কপি এবং সংযুক্ত অনুমোদিত নক্সা;

(খ) উপ-বিধি (৩) অনুসারে নবায়ন ফি।

(৩) প্রতি পঞ্জিকা বৎসরের জন্য লাইসেন্স নবায়নের ফি হইবে উক্ত লাইসেন্সের জন্য প্রদেয় ফি-এর সমপরিমাণ অর্থ।

(৪) লাইসেন্স নবায়নের দরখাস্ত উপ-বিধি (২) এ উল্লিখিত সময়ের পরে দাখিল করা হইলে দ্বিগুণ নবায়ন ফি প্রদেয় হইবে ঃ

তবে শর্ত থাকে যে, একটানা একাধিক বৎসরের জন্য নবায়নের আবেদন করা হইলে শুধুমাত্র নবায়নের প্রথম বৎসরের জন্য দ্বিগুণ ফি প্রদেয় হইবে।

(৫) লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার পর নবায়নের দরখাস্ত লাইসেন্স নবায়নকারী কর্তৃপক্ষের নিকট পৌছিলে উক্ত কর্তৃপক্ষ উহা নবায়ন করিবেন না।

(৬) লাইসেন্স নবায়নের দরখাস্ত নবায়নকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করা হইলে লাইসেন্স নবায়িত না হওয়া পর্যন্ত অথবা নবায়নের আবেদন প্রত্যাখ্যান করা হইয়াছে মর্মে আবেদনকারীকে অবহিত না করা পর্যন্ত লাইসেন্সটি বহাল আছে বলিয়া গণ্য হইবে।

(৭) লাইসেন্স নবায়নকারী কর্তৃপক্ষ নবায়নের আবেদন সম্পর্কে উহা প্রাপ্তির নব্বই দিনের মধ্যে গৃহীত সিদ্ধান্ত আবেদনকারীকে অবহিত করিবেন এবং নবায়ন প্রত্যাখ্যান করিলে উক্ত সিদ্ধান্ত ও উহার কারণ সম্পর্কে আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবেন।

৯৪। **লাইসেন্স বাতিল ইত্যাদি।**—(১) কোন লাইসেন্সধারী এ্যাক্ট বা এই বিধিমালার কোন বিধান বা লাইসেন্সের কোন শর্ত ভঙ্গ করিলে অথবা লাইসেন্সকৃত স্থাপনা, মজুদাগার, সার্ভিস স্টেশন আইনানুগভাবে ব্যবহারের অধিকার হারাইলে অথবা লাইসেন্সকৃত যানের ক্ষেত্রে মালিকানা সমাপ্ত হইলে লাইসেন্স প্রদানকারী বা নবায়নকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট লাইসেন্স বাতিল করিতে পারিবেন ঃ

তবে শর্ত থাকে যে, কোন লাইসেন্স বাতিল করিবার পূর্বে তৎসম্পর্কে কারণ দর্শানোর জন্য লাইসেন্সধারীকে অন্যূন দশ দিনের একটি লিখিত নোটিশ প্রদান করিতে হইবে এবং উক্ত নোটিশে প্রস্তাবিত বাতিলের কারণও উল্লেখ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কোন ক্ষেত্রে প্রধান পরিদর্শক যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, এ্যাক্ট বা এই বিধিমালার বিধান বা লাইসেন্সের কোন শর্ত ভঙ্গ হওয়ার ফলে জনসাধারণের নিরাপত্তা বিঘ্নিত হইয়াছে বা হইতে পারে, তাহা হইলে তিনি উক্ত উপ-বিধির অধীন কারণ দর্শানোর নোটিশ জারির পূর্বে বা বিষয়টি অনিষ্পন্ন অবস্থায় উক্ত লাইসেন্স সাময়িকভাবে বাতিলের আদেশ দিতে পারিবেন, তবে এইরূপ আদেশ ছয় মাসের অধিক বহাল থাকিবে না।

(৩) উপ-বিধি (১) এর অধীন প্রদত্ত নোটিশের প্রেক্ষিতে লাইসেন্সধারী কোন বক্তব্য পেশ করিলে, উহা বিবেচনান্তে লাইসেন্স প্রদানকারী বা নবায়নকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট লাইসেন্স বাতিল করিতে বা সাময়িক বাতিলের আদেশ যদি থাকে, প্রত্যাহার করিতে বা উক্ত লঙ্ঘন সম্পর্কে যথাযথ ব্যবস্থা গ্রহণের লাইসেন্সধারীকে প্রয়োজনীয় নির্দেশ দিতে পারিবেন।

(৪) সিএনজি রিফুয়েলিং স্টেশনের কোন লাইসেন্স উপ-বিধি (৩) এর অধীনে বাতিল করা হইলে এবং বাতিলকরণের সময় উক্ত লাইসেন্সের অধীন সিএনজি মজুদ থাকিলে, উক্ত সিএনজি সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করিতে হইবে সেই বিষয়ে লাইসেন্স বাতিলকারী কর্তৃপক্ষ বাতিলকরণ আদেশে প্রয়োজনীয় নির্দেশ দিবেন এবং নির্দেশপ্রাপ্ত ব্যক্তি উক্ত নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

৯৫। **লাইসেন্স হস্তান্তর নিষিদ্ধ।**—(১) এই বিধিমালার অধীন মঞ্জুরীকৃত কোন লাইসেন্স হস্তান্তর করা যাইবে না।

(২) কোন লাইসেন্সকৃত সিএনজি রিফুয়েলিং স্টেশনের মালিকানা পরিবর্তন হইলে নতুন মালিক মালিকানা হস্তান্তর সংক্রান্ত কাগজপত্রসহ হস্তান্তরের অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নতুন লাইসেন্সের জন্য পূর্ব অনুমোদিত অনুরূপ নক্সায় নতুন মালিকের নাম, ঠিকানা ইত্যাদি লিপিবদ্ধ করিয়া মালিকের স্বাক্ষরিত ৫ (পাঁচ) কপি নক্সা এবং প্রয়োজনীয় লাইসেন্স ফিসহ নির্ধারিত ফরমে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট আবেদন করিবেন।

৯৬। **আপীল।**—(১) লাইসেন্স মঞ্জুর, সংশোধন বা নবায়নের আবেদন প্রত্যাখ্যানের আদেশ অথবা লাইসেন্স সাময়িক বাতিল বা বাতিলের আদেশ প্রধান পরিদর্শক কর্তৃক জারিকৃত হইলে উহার বিরুদ্ধে সরকারের নিকট এবং লাইসেন্স নবায়নের আবেদন প্রত্যাখ্যানের আদেশ কোন বিস্ফোরক পরিদর্শক কর্তৃক জারিকৃত হইলে উহার বিরুদ্ধে প্রধান পরিদর্শকের নিকট আপীল করা যাইবে।

(২) বিরোধীয় আদেশ প্রদানের তারিখের চার সপ্তাহের মধ্যে উহার একটি অনুলিপিসহ আপীলের দরখাস্ত দাখিল করিতে হইবে।

৯৭। **লাইসেন্স হারানো ইত্যাদি।**—কোন লাইসেন্স হারাইয়া গেলে অথবা উহা কোনভাবে বিনষ্ট বা ব্যবহার অনুপযোগী হইলে, লাইসেন্সধারী অনুমোদিত নক্সার একটি কপি এবং সরকার কর্তৃক সময় সময় গেজেট বিজ্ঞপ্তি মারফত নির্ধারিত ফি প্রদান করিয়া দরখাস্ত করিলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ একটি ডুপ্লিকেট লাইসেন্স প্রদান করিবেন।

৯৮। **লাইসেন্স উপস্থাপন ইত্যাদি।**—(১) এ্যাক্টের ৭(১) ধারার অধীনে প্রাধিকৃত কোন কর্মকর্তা কোন লাইসেন্স তলব করিলে, লাইসেন্সধারী বা উক্ত লাইসেন্সের বলে পরিচালিত কর্মকান্ডের ভারপ্রাপ্ত ব্যক্তি উক্ত লাইসেন্স বা উপ-বিধি (২) এর অধীন প্রদত্ত অনুমোদিত নক্সাসহ প্রামাণিক অনুলিপি উপস্থাপন করিবেন।

(২) লাইসেন্সধারীর আবেদনের প্রেক্ষিতে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ লাইসেন্সের প্রামাণিক অনুলিপি প্রদান করিতে পারিবেন, যদি—

(ক) প্রতিটি অনুলিপির জন্য মূল লাইসেন্স ফি-এর ২০% ফি প্রদান করা হয়; এবং

(খ) সংশ্লিষ্ট অনুমোদিত নক্সার অনুলিপি দাখিল করা হয়।

৯৯। **ফি জমা দেওয়ার পদ্ধতি।**—এই অধ্যায়ের অধীন প্রদেয় সকল ফি "১-৪২৩২-০০০০-২৬৮১" কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়া চালানের মূল কপি (১ম কপি) দাখিল করিতে হইবে।

## দশম অধ্যায়

### ক্ষমতা

১০০। **এ্যাক্টের ৭(১) ধারার অধীন পরিদর্শন, আটক ইত্যাদি ক্ষমতা প্রয়োগকারী কর্মকর্তা।**—(১) উপ-বিধি (২) এর বিধান সাপেক্ষে, নিম্নবর্ণিত ছকের প্রথম কলামে উল্লিখিত যে কোন কর্মকর্তা উক্ত ছকের দ্বিতীয় কলামে উল্লিখিত এলাকার মধ্যে এ্যাক্টের ধারা ৭(১) এ উল্লিখিত ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন ঃ—

| কর্মকর্তা | | এলাকা |
|---|---|---|
| প্রধান পরিদর্শক, বিস্ফোরক পরিদর্শক এবং সহকারী বিস্ফোরক পরিদর্শক। | .. | সমগ্র বাংলাদেশ |
| সকল জেলা ম্যাজিস্ট্রেট | .. | স্ব স্ব জেলা |
| জেলা ম্যাজিস্ট্রেটের সাহায্যকারী সকল ম্যাজিস্ট্রেট | .. | স্ব স্ব অধিক্ষেত্র |
| মেট্রোপলিটন এলাকায় পুলিশ কমিশনার ও তাহার অধীন এমন সকল পুলিশ কর্মকর্তা যাহাদের পদমর্যাদা ইন্সপেক্টরের নীচে নহে। | .. | সংশ্লিষ্ট মেট্রোপলিটন এলাকা। |
| মেট্রোপলিটন এলাকা ব্যতীত অন্যান্য এলাকায় সকল পুলিশ কর্মকর্তা যাহাদের পদ সহকারী ইন্সপেক্টরের নীচে নহে। | .. | স্ব স্ব এলাকা |

(২) প্রধান পরিদর্শক, বিস্ফোরক পরিদর্শক এবং সহকারী বিস্ফোরক পরিদর্শকের উপদেশ অনুসরণ ব্যতিরেকে কোন ম্যাজিস্ট্রেট অথবা পুলিশ কর্মকর্তা আধার বা সিলিন্ডার হইতে সিএনজি অপসারণ বা অন্যবিধভাবে ইহাকে নিষ্ক্রিয় করিতে পারিবেন না।

## একাদশ অধ্যায়

### দুর্ঘটনা ও তদন্ত

১০১। **দুর্ঘটনার নোটিশ।**—সিএনজি হইতে এ্যাক্টের ৮(১) ধারায় উল্লিখিত ধরনের কোন বিস্ফোরণ বা অগ্নিকান্ড, অতঃপর দুর্ঘটনা বলিয়া উল্লিখিত, ঘটিলে সিএনজি রিফুয়েলিং স্টেশনের অথবা সিএনজি-পূর্ণ আধার বা সিলিন্ডারের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি উহার সংবাদ অবিলম্বে এবং সম্ভাব্য দ্রুততম পন্থায় নিকটতম থানা এবং প্রধান পরিদর্শকের নিকট প্রেরণ করিবেন এবং উক্ত সংবাদ পাওয়ার পর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা অবিলম্বে বিষয়টি জেলা ম্যাজিস্ট্রেটকে অবহিত করিবেন।

১০২। **দুর্ঘটনার ধ্বংসাবশেষ অপসারণে বাধা-নিষেধ।**—প্রধান পরিদর্শক অথবা তাঁহার প্রতিনিধি দুর্ঘটনাস্থল পরিদর্শন না করা পর্যন্ত অথবা আর কোন পরিদর্শন বা পরীক্ষাকার্য চালাইবার প্রয়োজন নাই মর্মে প্রধান পরিদর্শক এর নিকট হইতে নির্দেশ না পাওয়া পর্যন্ত দুর্ঘটনাস্থলের ধ্বংসাবশেষ অপরিবর্তিত অবস্থায় রাখিতে হইবে; তবে উক্ত দুর্ঘটনার ফলে আহত ব্যক্তির উদ্ধারকার্য অথবা দুর্ঘটনায় নিহত ব্যক্তির, অপসারণ অথবা ক্ষতিগ্রস্ত যোগাযোগ ব্যবস্থা পুনঃস্থাপনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যাইবে।

১০৩। **দুর্ঘটনা তদন্ত**।—(১) অ্যাক্টের ধারা ৯(১) এর অধীনে সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট বা তাঁহার অধীনস্থ অন্য কোন ম্যাজিস্ট্রেট, অথবা মেট্রোপলিটন এলাকায় পুলিশ কমিশনার বা তাঁহার অধীনস্থ কোন পুলিশ কর্মকর্তা কোন তদন্তকার্য পরিচালনা শুরু করিবার পূর্বে ঘটনাস্থলের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি প্রধান পরিদর্শক এবং সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিকে উক্তরূপ তদন্ত সম্পর্কে অন্যূন ৩ দিনের লিখিত নোটিশ প্রদান করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, বিশেষ পরিস্থিতিতে, উক্ত ম্যাজিস্ট্রেট বা পুলিশ কর্তৃপক্ষ উক্ত সময় অপেক্ষা কম সময়ের নোটিশ প্রদান করিয়া তদন্ত শুরু করিতে পারিবেন।

(২) তদন্তকারী কর্তৃপক্ষ যথাসম্ভব প্রধান পরিদর্শক বা তাঁহার প্রতিনিধির উপস্থিতিতে তদন্ত করিবেন, তবে উপ-বিধি (১) এর অধীন নোটিশ পাওয়ার পরও প্রধান পরিদর্শক বা তাঁহার প্রতিনিধি উপস্থিত না থাকিলে এবং তদন্তকারী কর্তৃপক্ষ অত্যাবশ্যক মনে করিলে তদন্ত কার্য চালাইতে পারিবেন।

(৩) তদন্তের সময় প্রধান পরিদর্শক বা তাঁহার প্রতিনিধি দুর্ঘটনার সহিত সংশ্লিষ্ট যে কোন ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করিতে বা সংশ্লিষ্ট কাগজপত্র, সরঞ্জাম বা অন্যান্য জিনিসপত্র পরীক্ষা করিতে পারিবেন এবং উক্ত ব্যক্তি তাহার জিজ্ঞাসাবাদের উত্তর দিতে বা ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট কাগজপত্র, সরঞ্জাম বা জিনিসপত্রের অধিকারী উহা উপস্থাপন করিতে বাধ্য থাকিবেন।

(৪) এই বিধির অধীন অনুষ্ঠেয় তদন্তকার্য দুর্ঘটনা সংঘটিত হওয়ার ত্রিশ দিনের মধ্যে সম্পন্ন করিতে হইবে এবং তদন্তকারী কর্তৃপক্ষ দুর্ঘটনার কারণ এবং পরিস্থিতি বর্ণনা করিয়া তদন্ত সমাপনের ১৫ দিনের মধ্যে তদন্তের একটি প্রতিবেদন সরকারের নিকট এবং উহার একটি অনুলিপি প্রধান পরিদর্শকের নিকট প্রেরণ করিবেন।

## দ্বাদশ অধ্যায়

### দন্ড

১০৪। **দন্ড**।—(১) কোন ব্যক্তি—

(ক) বিনা লাইসেন্সে সিলিন্ডারে বা আধারে সিএনজি ভর্তি করিলে, অথবা

(খ) এমন কোন সিলিন্ডারে বা আধারে সিএনজি ভর্তি করিলে—

(অ) যাহা সিএনজি সার্ভিসের জন্য অনুমোদিত নহে; বা

(আ) যাহা কোন স্বীকৃত স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন অনুযায়ী তৈরী নহে; বা

(ই) যাহা এই বিধিমালার বিধান অনুসারে পর্যবেক্ষণ ও পরীক্ষণ করা হয় নাই; বা

(ঈ) যাহার পর্যাবৃত্ত পরীক্ষণের তারিখ অতিক্রান্ত হইয়াছে;

তিনি এ্যাক্টের ধারা ৫(৩) এর (a) শর্তাংশে উল্লিখিত সর্বোচ্চ সীমার দন্ডে দন্ডনীয় হইবেন।

**ব্যাখ্যা**।—এই উপ-বিধির উদ্দেশ্য পূরণকল্পে সিলিন্ডারে বা আধারে সিএনজি ভর্তি করা এ্যাক্টের ধারা ৫(৩)(a) শর্তাংশে উল্লিখিত বিস্ফোরক তৈরী (Manufacturing an Explosives) বলিয়া গণ্য হইবে।

(২) গ্যাসপূর্ণ ধারণপাত্র হইতে এ্যাক্টের ৮(১) ধারায় উল্লিখিত ধরনের কোন দুর্ঘটনা ঘটিলে দুর্ঘটনাস্থলের বা গ্যাসপূর্ণ ধারণপাত্রের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি বিধি ১০১ অনুসারে নোটিশ প্রদানে ব্যর্থ হইলে তিনি এ্যাক্টের ধারা ৮(২) অনুসারে দন্ডনীয় হইবেন।

(৩) কোন ব্যক্তি, উপ-বিধি (১) ও (২) এ উল্লিখিত বিষয়সমূহ ব্যতীত, এই বিধিমালার অন্য কোন বিধান লঙ্ঘন করিলে তিনি এ্যাক্টের ধারা ৫(৩) এ উল্লিখিত দন্ডে দন্ডনীয় হইবেন।

১০৫। **কোম্পানী কর্তৃক অপরাধ সংঘটন।**—বিধি ১০৪ এ উল্লিখিত কোন বিধান বা শর্ত লঙ্ঘনকারী ব্যক্তি যদি কোন কোম্পানী হয়, তাহা হইলে উক্ত কোম্পানীর মালিক, পরিচালক, ম্যানেজার, সচিব বা অন্য কোন কর্মকর্তা বা এজেন্ট উক্ত বিধান বা শর্ত লঙ্ঘন করিয়াছেন বলিয়া গণ্য হইবে, যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত লঙ্ঘন তাহার অজ্ঞাতে হইয়াছে অথবা উক্ত লঙ্ঘন রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।

ব্যাখ্যা।—এই বিধিতে—

(ক) "কোম্পানী" বলিতে কোন সংবিধিবদ্ধ সংস্থা, বাণিজ্য প্রতিষ্ঠান, সমিতি বা সংগঠনকেও বুঝাইবে; এবং

(খ) বাণিজ্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে "পরিচালক" বলিতে কোন অংশীদার বা পরিচালনা বোর্ডের সদস্যকেও বুঝাইবে।

## ত্রয়োদশ অধ্যায়

## বিবিধ

১০৬। **বিধিমালার অপর্যাপ্ততার ক্ষেত্রে স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন বা কোড প্রয়োগ।**—সয়ংক্রিয় যানের ইঞ্জিনকে সিএনজি দ্বারা চালানো উদ্দেশ্যে রূপান্তর, রূপান্তর সরঞ্জামাদির উপকরণ, সিএনজি ধারণপাত্র এবং উহার পরীক্ষণ ও পরিদর্শন, গ্যাস সংকোচন, সংরক্ষণ ও সঞ্চালন পদ্ধতি সংক্রান্ত কোন বিষয়ে এই বিধিমালার কোন বিধান অপর্যাপ্ত প্রতীয়মান হইলে উক্ত বিষয়ে প্রধান পরিদর্শকের লিখিত অনুমোদন সাপেক্ষে তৎকর্তৃক স্বীকৃত কোন স্টান্ডার্ড স্পেসিফিকেশন বা কোডের নিয়মাবলী প্রযোজ্য হইবে।

১০৭। **ঝুঁকিপূর্ণ কার্যক্রম।**—(১) কোন বিস্ফোরক পরিদর্শক পরিদর্শনকালে যদি দেখিতে পান যে, স্বয়ংক্রিয় যানের ইঞ্জিনকে সিএনজি দ্বারা চালাইবার জন্য রূপান্তর প্রক্রিয়া, ধারণপাত্রসহ সরঞ্জামাদির ব্যবহার, গ্যাস সংকোচন, সংরক্ষণ ও সঞ্চালন পদ্ধতি বা রিফুয়েলিং ষ্টেশনে যানবাহনে জ্বালানী সরবরাহ সংক্রান্ত কোন কার্যক্রম ঝুঁকিপূর্ণ এবং এইরূপ কার্যক্রম জনগণের জানমালের জন্য ক্ষতিকারক বা কোন ব্যক্তির নিরাপত্তার জন্য হুমকিসরূপ তাহা হইলে তিনি নির্দিষ্ট সময়, যাহা ১৫ দিনের কম হইবে না, এর মধ্যে উক্তরূপ বিপজ্জনক কার্যক্রম বন্ধ বা বিকল্প নিরাপদ ব্যবস্থা অনুসরণের জন্য রূপান্তর কারখানা, রিফুয়েলিং স্টেশন বা মোটরযানের মালিককে লিখিতভাবে নির্দেশ প্রদান করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত নির্দেশের বিরুদ্ধে কোন ব্যক্তি নির্দেশে উল্লিখিত সময়ের মধ্যে প্রধান পরিদর্শকের নিকট আপীল করিতে পারিবেন এবং উক্ত আপীল বিষয়ে প্রধান পরিদর্শকের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন প্রত্যেক আপীল লিখিতভাবে করিতে হইবে এবং আপীলের সহিত নির্দেশনামার কপি দাখিল করিতে হইবে।

(৪) যদি কোন ব্যক্তি উপ-বিধি (১) এর প্রেক্ষিতে প্রাপ্ত কোন নির্দেশ নির্দেশপত্রে উল্লিখিত নির্দিষ্ট সময়ের মধ্যে পালন না করেন বা আপীলের প্রেক্ষিতে প্রধান পরিদর্শকের আদেশ নির্দিষ্ট সময়ের মধ্যে পালন করিতে ব্যর্থ হন, তাহা হইলে তিনি এই বিধি লংঘন করিয়াছেন বলিয়া গণ্য হইবেন।

১০৮। **সাধারণ অব্যাহতি**।—যদি প্রধান পরিদর্শক এই মর্মে সন্তুষ্ট হন যে, কোন বিশেষ ক্ষেত্রে তৃতীয়, চতুর্থ ও পঞ্চম অধ্যায়ের কোন বিধান নিরাপদে শিথিল করা যায়, তবে তিনি লিখিত আদেশ দ্বারা এবং উহাতে উল্লিখিত শর্তসাপেক্ষে উক্ত বিধানের প্রয়োগ শিথিল করিতে পারিবেন ঃ

তবে শর্ত থাকে যে, প্রধান পরিদর্শক কর্তৃক আরোপিত শর্ত তৎকর্তৃক স্বীকৃত কোন স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন বা কোড এর সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে।

## তফসিল

### ফরম-ক

[ বিধি ৪(১) দ্রষ্টব্য ]

### সরকারী মঞ্জুরীপত্রের জন্য আবেদনপত্র

১। (ক) দরখাস্তকারী পূর্ণ নাম ঃ

(খ) পূর্ণ ঠিকানা ঃ

(গ) জাতীয়তা ঃ

(ঘ) বর্তমান ঠিকানা ঃ

(ঙ) বর্তমান অবস্থান ঃ

(চ) যদি মূল অবস্থান বাংলাদেশের বাহিরে হয়, তবে বাংলাদেশে মনোনীত এজেন্টের নাম, ঠিকানাসহ উপরের উপানুচ্ছেদ (ঘ) ও (ঙ)তে উল্লিখিত তথ্য। ঃ

২। যানবাহন রূপান্তর ও উচ্চচাপে ব্যবহৃত জ্বালানী ব্যবহারের অভিজ্ঞতা ও জ্ঞান সম্পর্কে বর্ণনা। ঃ

৩। যে অঞ্চলে কার্যক্রম পরিচালনার জন্য আবেদন করা হইয়াছে তাহার নাম এবং রিফুয়েলিং স্টেশনের বর্ণনা। ঃ

৪। আলাদা কাগজে নিম্নোক্ত বিষয়ে প্রকল্পের বিবরণ ঃ

(ক) সংকোচন যন্ত্রপাতি/মজুদস্থাপনা/রিফুয়েলিং স্টেশন ঃ

(অ) অস্থাবর সম্পত্তির ধরন ও পরিমাণ :

(আ) ইউটিলিটি ও সেবার বিবরণ :

(ই) সাংগঠনিক কাঠামোসহ কারিগরী ও পরিচালন জনবলের তালিকা। :

(ঈ) কার্য সম্পাদনের মেয়াদ এবং চালু করিবার তারিখ (নতুন প্রকল্প হইলে)। :

(উ) নিম্নলিখিত খাতে বর্তমান বা প্রাক্কলিত মূলধন ব্যয় দেশীয় মুদ্রা এবং বৈদেশিক মুদ্রার বিভাজন (আলাদা কাগজে)। :

(১) যন্ত্রপাতির মূল্য,

(২) জমি,

(৩) বিল্ডিং,

(৪) বৈদ্যুতিক সরঞ্জাম,

(৫) অগ্নি নির্বাপক যন্ত্র,

(৬) আসবাবপত্র,

(৭) যানবাহন,

(৮) নির্মাণ ওপ্রকৌশলী (নতুনপ্রকল্পের জন্য),

(৯) বিবিধ সম্পদ,

(১০)

(খ) সিএনজি সার্ভিসের সিলিন্ডার/আধার পরীক্ষা কোড :

(অ) পরীক্ষা কেন্দ্রের অবস্থান :

(আ) বিধি ৫৩ এর সহিত পঠিতব্য তফসিল-৩ এ উল্লিখি শর্তাদি পূরণ করে কি না :

(ই) সাংগঠনিক কাঠামোসহ জনবলের বিস্তারিত বিবরণ; :

(গ) যানবাহন বা নৌযান রূপান্তর ওয়ার্কশপ :

(অ) ওয়ার্কশপের অবস্থান :

(আ) ইউটিলিটিজ ও সার্ভিসের বিবরণ :

(ই) সাংগঠনিক কাঠামোসহ কারিগরী ও পরিচালন জনবলের বিবরণ :

(ঘ) সিএনজি রিফুয়েলিং স্টেশনের মালিক পরিচালন ও অন্যান্য কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা :

(অ) প্রশিক্ষণ কেন্দ্রের অবস্থান :

(আ) সাংগঠনিক কাঠামোসহ লোকবলের বিবরণ :

৫। যে এলাকার জন্য আবেদন করা হইয়াছে সেই এলাকার সিএনজি-এর চাহিদা ও প্রয়োজনীয়তার বিবরণ (বাজার জরিপ যদি করা হইয়া থাকে তাহার ভিত্তিতে)।

৬। প্রকল্প মূল্যায়নে হইতে পারে এমন প্রাসঙ্গিক তথ্যাবলী

মন্তব্য ঃ

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে বর্ণিত সকল তথ্য সত্য এবং সঠিক। এই মর্মে অঙ্গিকার করিতেছি যে, সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) বিধিমালা, ২০০৫ এর বিধানাবলী মানিয়া চলিতে বাধ্য থাকিব।

এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, আমরা সরকারের পূর্বানুমোদন ব্যতীরেকে অধিকার, সুবিধা বা দায় অন্য কাহারও নিকট সরাসরি প্রত্যক্ষ, পরোক্ষ বা সমিতির মাধ্যমে বিক্রয়, বন্ধক দিব না।

এই অঙ্গিকার নামা লঙ্ঘন করা হইলে সরকার এই মঞ্জুরীপত্র বাতিলের সর্বস্বত্ব সংরক্ষণ করে।

তারিখ ঃ দরখাস্তকারীর নাম, পদবী ও স্বাক্ষর

## ফরম-খ

[ বিধি ৫(১) দ্রষ্টব্য ]

**মোটর যান বা জলযান এবং অন্যান্য স্থানান্তরযোগ্য যন্ত্রপাতি সিএনজিতে রূপান্তরের নিমিত্তে রূপান্তর কারখানা অনুমোদনের জন্য দরখাস্ত।**

| | | |
|---|---|---|
| ১। | আবেদনকারীর নাম | ঃ |
| ২। | আবেদনকারীর ঠিকানা | ঃ |
| ৩। | সরকারী অনুমোদন নম্বর ও তারিখ (কপি সংযুক্ত করিতে হইবে) | ঃ |
| ৪। | প্রস্তাবিত ওয়ার্কশপের অবস্থান | ঃ |
| | স্থান | ঃ |
| | রোড নং | ঃ |
| | থানা | ঃ |
| | জিলা | ঃ |
| | (লে-আউট ও পারিপার্শ্বিক চিত্র সম্বলিত ৫ খানা নক্সা সংযুক্ত করিতে হইবে) | |
| ৫। | ইমারত এবং অন্যান্য বহিঃ কাঠামোর ধরন/বর্ণনা | ঃ |
| ৬। | অটোমোবাইল/মেকানিক্যাল ইঞ্জিনিয়ার এবং টেকনিক্যাল ব্যক্তিসহ লোকবলের সম্পূর্ণ তালিকা (অর্গানোগ্রাম সংযুক্ত করিতে হইবে) | ঃ |
| ৭। | সরঞ্জামাদির সম্পূর্ণ তালিকা ও বর্ণনা | ঃ |
| ৮। | ইঞ্জিন সিএনজিতে রূপান্তরের জন্য পূর্ব অভিজ্ঞতা এবং যোগ্যতা | ঃ |
| ৯। | অতিরিক্ত তথ্য, যদি থাকে | ঃ |

তারিখ ঃ আবেদনকারীর স্বাক্ষর

ফরম-গ

[বিধি ৭৮ (২) দ্রষ্টব্য]

সিএনজি রিফুয়েলিং স্টেশনের নিরাপত্তা যাচাই এবং পরীক্ষণ ছক

১। কমপ্রেসারের বিচ্ছিন্নকরণ চাপ যাচাই করা হইয়াছে কী না ☐

২। জরুরী বন্ধকরণ সুঁইচ প্রতিক্ষেত্রে আলাদাভাবে কার্যক্ষম কী না ☐

৩। স্থাপনায় প্রকৃতভাবেই গ্যাস নিঃসরণ যাচাই করা হইয়াছে কী না ☐

৪। ডিসপেন্সারের হোস পাইপ, প্রোবস এবং গেজ নিরাপদ অবস্থায় আছে কী না ☐

৫। সর্বোচ্চ পূরণ চাপ ২০০ কেজি/বর্গ সে.মি. কী না ☐

৬। সতর্কবাণী/প্রতীক দৃশ্যমান স্থানে যথোপযুক্তভাবে প্রদর্শিত আছে কী না ☐

৭। প্রাঙ্গণটি পরিষ্কার-পরিচ্ছন্ন ও সংরক্ষিত এবং প্রবেশ নিয়ন্ত্রিত কী না ☐

৮। গ্যাস গন্ধযুক্ত করা হইয়াছে কী না ☐

৯। পরিদর্শন সনদ প্রাঙ্গণে প্রদর্শিত কী না ☐

১০। নির্দিষ্ট সময় অন্তর অন্তর নিরাপত্তা যাচাই লগ বইয়ে সংরক্ষণ করা হয় কী না ☐

ফরম-ঘ

[বিধি ৮০(২) দ্রষ্টব্য]

সিএনজি স্টেশন পরিদর্শন সংক্রান্ত সম্পন্নতার সনদ

.................................. সিএনজি স্টেশনের জন্য ................................................ তারিখ হইতে ......................... পর্যন্ত ২৪ মাস মেয়াদে এই সনদ জারী করা হইল।

......................... স্থানে সিএনজি স্থাপনাটি ......................... কর্তৃক পরিদর্শন করা হইয়াছে। স্থাপনার সরঞ্জামাদি এবং কার্যক্রম নিরাপদ।

আবেদনকারীর নাম, পদবী ও স্বাক্ষর

ফরম-ঙ

[বিধি ৮০(৩) দ্রষ্টব্য]

## সিএনজি রিফুয়েলিং স্টেশন্ পরিদর্শন চেক লিস্ট

| | | | |
|---|---|---|---|
| ১। | সংযোগ গ্যাস পাইপ লাইন | ছিদ্র | ☐ |
| | | গেজ | ☐ |
| | | ক্ষয় | ☐ |
| ২। | কমপ্রেসার বেষ্টনী | 'প্রবেশ নিষেধ' সংকেত | ☐ |
| | | ধূমপান নিষেধ প্রতীক | ☐ |
| | | স্বয়ংক্রিয়ভাবে চালু হওয়ার সতর্ক সংকেত | ☐ |
| | | বিপজ্জনক সংকেত | ☐ |
| | | পরিচালন পদ্ধতি | ☐ |
| | | বাতি এবং সুঁইচ | ☐ |
| | | ক্ষতিকর পদার্থমুক্ত | ☐ |
| | | সুরক্ষিত বেষ্টনী | ☐ |
| ৩। | কমপ্রেসার | গ্যাস নিঃসরণ হয় কী না | ☐ |
| | | প্রশমন ভাল্‌ভ সিলকরণ ও সিলকরণের তারিখ | ☐ |
| | | নিরাপত্তা সরঞ্জামাদির সুরক্ষার ব্যবস্থা | ☐ |
| | | গেজ | ☐ |
| | | বৈদ্যুতিক বোর্ডের সুরক্ষার ব্যবস্থা | ☐ |
| | | পাইপ লাইন ও পাইপ লাইনের ধারকের (Bracket) অবস্থা | ☐ |
| | | গার্ড (Guards) | ☐ |
| | | বন্ধকরণ চাপ | ☐ |
| | | গ্যাস নিঃসরণ (বাস্তব অবস্থার প্রেক্ষিতে চালু কমপ্রেসার এর ভেন্ট পাইপ-এর নিঃসরণ যাচাই ও উহার অন্তর্ভুক্ত) | ☐ ☐ |
| ৪। | মজুদের ধারণপাত্র | গ্যাস নিঃসরণ | ☐ |
| | | প্রশমন ভাল্‌ভ সিলকরণ ও সিলকরণের তারিখ | ☐ |
| | | গেজ | ☐ |
| | | সকল ধারক বেষ্টনীর (Bracket) সুরক্ষার ব্যবস্থা | ☐ |
| | | ভাল্‌ভ (অবস্থা/কার্যক্ষমতা) | ☐ |
| | | বেষ্টনী/দরজা | ☐ |
| | | ধূমপান নিষেধ সংকেত | ☐ |
| | | প্রবেশ নিষেধ সংকেত | ☐ |
| | | ক্ষয় | ☐ |
| | | চাপ পরীক্ষণের তারিখ | ☐ |
| ৫। | মুখ্য বন্ধকরণ ভাল্‌ভ | গ্যাস নিঃসরণ | ☐ |
| | | অবস্থা কার্যক্ষমতা | ☐ |
| | | প্রতীক চিহ্ন | ☐ |

## ফরম-চ

[বিধি ৮৭(১) দ্রষ্টব্য]

### সিএনজি রিফুয়েলিং স্থাপনের আবেদনপত্র

| | | |
|---|---|---|
| ১। | দরখাস্তকারীর পূর্ণ নাম | ঃ |
| ২। | দরখাস্তকারীর পূর্ণ ঠিকানা | ঃ |
| ৩। | সরকারী মঞ্জুরী পত্রের নম্বর ও তারিখ(সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে) | ঃ |
| ৪। | (ক) ডিলারের নাম ও ঠিকানা | ঃ |
| | (খ) প্রিন্সিপালের নাম ও ঠিকানা | ঃ |
| ৫। | প্রস্তাবিত রিফুয়েলিং স্টেশন প্রাঙ্গণের উহার অবস্থান— | |
| | জেলা | ঃ |
| | উপজেলা/থানা | ঃ |
| | গ্রাম/শহর/মৌজা | ঃ |
| | খতিয়ান ও দাগ নং/হোল্ডিং নং | ঃ |
| ৬। | প্রস্তাবিত রিফুয়েলিং স্টেশনের ধরন— | |
| | (ক) সাধারণ স্টেশন/মূল স্টেশন/উপগ্রহ স্টেশন/ভ্রাম্যমাণ স্টেশন | ঃ |
| | (খ) গ্যাস ভর্তির ধরন (দ্রুত ভর্তি/ধীর গতিতে ভর্তি) | ঃ |
| ৭। | গ্যাস মজুদ করা হইলে উহার ধরন— | |
| | গ্যাসাধারে/গ্যাস সিলিন্ডারে | ঃ |
| ৮। | (ক) যে গ্যাস কোম্পানীর নিকট হইতে প্রাকৃতিক গ্যাস সরবরাহ নেওয়া হইবে উহার নাম | ঃ |
| | (খ) সরবরাহকারী গ্যাস পাইপ লাইনের ব্যাস ও কার্য চাপ | ঃ |
| | (গ) অনুমতিপত্রের নম্বর ও তারিখ | ঃ |
| ৯। | ফরমে উল্লিখিত সকল শর্তাবলী প্রস্তাবিত প্রাঙ্গণে পালন করে কি না অথবা উহা পালনের উপযোগিতা আছে কি না | ঃ |
| ১০। | প্রাঙ্গণে ইতিপূর্বে গ্যাস সংকোচন, সিলিন্ডারে/আধারে সিএনজি মজুদ, স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী ধারণপাত্রে বা উপগ্রহ স্টেশনে প্রেরণের জন্য আধারে সিএনজি ভর্তি করা হইয়াছে কি না। | ঃ |
| ১১। | অতিরিক্ত তথ্য, যদি থাকে | ঃ |
| ১২। | মন্তব্য | ঃ |

আমি/আমরা এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, উপরের তথ্যাবলী যাচাই করা হইয়াছে এবং উহা সত্য। আমি/আমরা অঙ্গীকার করিতেছি যে, Explosives Act, 1884 ও তদধীন প্রণীত সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) বিধিমালা, ২০০৫ এবং মঞ্জুরীতব্য লাইসেন্সের শর্ত পালন করিয়া উপরোক্ত প্রাঙ্গণে প্রাকৃতিক গ্যাস সংকোচন, সিলিন্ডারে বা আধারে সিএনজি মজুদ এবং স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী ধারণপাত্রে অথবা উপগ্রহ সিএনজি স্টেশনে প্রেরণের জন্য আধারে সিএনজি ভর্তি মজুদ করিব। আমি/আমরা অবহিত আছি যে, উক্ত এ্যাক্ট বা বিধিমালার কোন বিধান এবং লাইসেন্সের কোন শর্ত লঙ্ঘনকারী সর্বোচ্চ ১০(দশ) বৎসর পর্যন্ত কারাদন্ডে এবং ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত অর্থদন্ডে দন্ডনীয়।

তারিখ ঃ দরখাস্তকারীর স্বাক্ষর

---

টীকা ঃ দরখাস্তের সহিত দাখিলতব্য কাগজপত্র;

(১) বিধি ৮৭(৩) অনুযায়ী ৫ খানা নকশা;

(২) বিধি ৮৭(২) অনুযায়ী প্রয়োজনীয় ফি প্রদানের ট্রেজারী চালান।

## ফরম-ছ

[বিধি ৮৭(৫) দ্রষ্টব্য]

### প্রাকৃতিক গ্যাস সংকোচন, সিলিন্ডারে বা আধারে সিএনজি মজুদ এবং স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী ধারণপাত্রে অথবা উপগ্রহ সিএনজি স্টেশনে প্রেরণের জন্য আধারে সিএনজি ভর্তির লাইসেন্স

নং ফি

এতদ্বারা..........................................কে, Explosives Act, 1884 (IV of 1884) ও তদধীন প্রণীত সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) বিধিমালা, ২০০৫ এর বিধানাবলী এবং অধিকন্তু, এই লাইসেন্সের শর্তাবলী সাপেক্ষে, এতদসংযুক্ত নকশায় প্রদর্শিত ও নিম্নবর্ণিত রিফুয়েলিং স্টেশনে মজুদের জন্য এবং স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী ধারণপাত্রে অথবা উপগ্রহ সিএনজি স্টেশনের প্রেরণের জন্য আধারে সিএনজি ভর্তির জন্য লাইসেন্স মঞ্জুর করা হইল।

রিফুয়েলিং স্টেশনের বর্ণনা ঃ..................................................................................................
...............................................................................................................................................।

নকশা নং........................ তারিখ ঃ........................................

এই লাইসেন্স ৩১শে ডিসেম্বর, তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

তারিখ ঃ.................. প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।

| নবানের তারিখ | মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ | লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর |
|---|---|---|
| | | |
| | | |

## লাইসেন্সের শর্তাবলী

১। লাইসেন্সকৃত প্রাঙ্গণ প্রাকৃতিক গ্যাস সংকোচন, সিলিন্ডারে বা আধারে সিএনজি মজুদ এবং স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী ধারণপাত্রে অথবা উপগ্রহ সিএনজি স্টেশনে প্রেরণের জন্য আধারে সিএনজি ভর্তি এবং সরাসরি তৎসংশ্লিষ্ট কার্যক্রম ব্যতীত অন্য কোন কাজে ব্যবহার করা যাইবে না।

২। লাইসেন্সকৃত প্রাঙ্গণে কোন সিলিন্ডার বা আধারে এলপি গ্যাস ভর্তি করা যাইবে না, যদি না—

(ক) এইরূপ সিলিন্ডার বা আধার ও ইহার ভালভ্ প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক সিএনজি সার্ভিসের জন্য অনুমোদিত ধরনের এবং তৎকর্তৃক স্বীকৃত কোন স্ট্যান্ডার্ড স্পেশিফিকেশন অনুযায়ী তৈরী হইয়া থাকে; এবং

(খ) সিলিন্ডার বা আধারটি বিধি ৬৫ অনুসারে পর্যবেক্ষণ ও পরীক্ষণ করা হইয়া থাকে; পর্যাবৃত্ত পরীক্ষণের পরবর্তী তারিখ অতিক্রান্ত হইয়া থাকে।

৩। কোন স্বয়ংক্রিয় যানে সিএনজি জ্বালানী ভর্তি করা যাইবে না, যদি না উহার ভর্তি সংযোগ স্থলের নিকট নিম্নোক্ত তথ্যসম্বলিত একটি প্লেট স্থাপিত থাকে, যথা ঃ—

(ক) সিএনজি-এর সর্বোচ্চ পূরণ চাপ;

(খ) সিলিন্ডারের/আধারের সনাক্তকরণ নম্বর;

(গ) সিলিন্ডারের/আধারের শেষ উদস্থিতি পরীক্ষার তারিখ; এবং

(ঘ) সিলিন্ডারের/আধারের মোট জল ধারণ ক্ষমতা।

৪। স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী ধারণপাত্রে অথবা উপগ্রহ সিএনজি স্টেশনে প্রেরণের জন্য আধারে সিএনজি ভর্তির পূর্বে ভালভ্ ও যন্ত্রাংশসহ প্রতিটি ধারণপাত্র যথাযথভাবে পর্যবেক্ষণ করিয়া নিশ্চিত হইতে হইবে যে, সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) বিধিমালা, ২০০৫ এর প্রযোজ্য বিধানাবলী উহার ক্ষেত্রে পরিপালন করে।

৫। কোন সিলিন্ডারে বা আধারে উহার ডিজাইন চাপের অতিরিক্ত চাপে সিএনজি ভর্তি করা যাইবে না।

৬। (১) হস্তান্তরের সময় ভর্তি সংযোগ স্থলের ৩ মিটারের মধ্যে নিকট কোন অগ্নি উৎস আনা যাইবে না।

(২) জ্বালানী ভর্তি স্থানের কাছাকাছি জায়গায় এই মর্মে একটি সতর্কবাণী স্থাপন করিতে হইবে যে, জ্বালানী সরবরাহ কার্যক্রমের ৬ মিটারের মধ্যে ধূমপান বা খোলা আগুন নিষিদ্ধ। উক্ত সতর্কবাণী ৩০ মিটার দূরত্ব হইতে সহজে পঠনযোগ্য হইতে হইবে।

(৩) "মোটর বন্ধকরণ", "ধূমপান নিষিদ্ধ", "খোলা আগুন নিষিদ্ধ", ও "দাহ্য গ্যাস" শব্দাবলী সম্বলিত সতর্কবাণী রিফুয়েলিং স্টেশনে ও কমপ্রেসার এলাকায় স্থাপন করিতে হইবে। সতর্কবাণীর অবস্থান এমনভাবে নির্ধারিত হইবে যাহাতে উক্ত সতর্কবাণী সকল ডিসপেন্সিং স্থল হইতে দৃষ্টিগোচর হয়।

৭। সিলিন্ডারে বা আধারে সিএনজি মজুদ এবং স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী ধারণপাত্রে অথবা উপগ্রহ সিএনজি স্টেশনে প্রেরণের জন্য আধারে সিএনজি ভর্তি কেবল লাইসেন্সকৃত প্রাঙ্গণের মধ্যে এতদ্‌সংযুক্ত অনুমোদিত নকশায় নির্ধারিত স্থানে করিতে হইবে।

৮। কম্প্রেসার, গ্যাসাধার, সিলিন্ডার, ডিসপেন্সিং ইউনিট, ভর্তিকরণ স্থান, অন্য কোন সুবিধাদির আন্ত-দুরত্ব এবং উহা হইতে ভবন, সীমানা বেস্টনী বা সংরক্ষণীয় পূর্তকর্মের নিরাপদ দুরত্ব সংকুচিত প্রকৃতিক গ্যাস (সিএনজি) বিধিমালা, ২০০৫ এর বিধি ৫৭ হইতে বিধি ৬২ তে নির্ধারিত দুরত্ব অনুযায়ী সর্বদা বজায় রাখিতে হইবে।

৯। কম্প্রেসার, গ্যাসাধার, সিলিন্ডার, ডিসপেন্সিং ইউনিটের যন্ত্রাংশ সর্বদা সর্বোত্তম অবস্থায় রক্ষণাবেক্ষণ করিতে হইবে।

১০। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের লিখিত পূর্ব অনুমোদন ব্যতীত লাইসেন্সকৃত প্রাঙ্গণে কোনরূপ রদ-বদল করা যাইবে না।

১১। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ প্রাঙ্গণের নিরাপত্তার জন্য প্রয়োজন মনে করেন এমন কোন মেরামত করিবার জন্য যদি লাইসেন্সধারীকে লিখিত নির্দেশ প্রদান করেন তবে লাইসেন্সধারী নোটিশে নির্দিষ্ট মেয়াদ, যাহা নোটিশ প্রাপ্তির তারিখ হইতে এক মাসের কম নহে, এর মধ্যে লাইসেন্সকৃত প্রাঙ্গণে উক্তরূপ মেরামত কার্য সম্পাদন করিবেন।

১২। অগ্নিকান্ড বা বিস্ফোরণজনিত দুর্ঘটনা প্রতিরোধকল্পে সর্বদা যথাযথ সতর্কতামূলক ব্যবস্থা লইতে হইবে এবং তাৎক্ষণিক ব্যবহারের জন্য পর্যাপ্ত অগ্নি নির্বাপন সরঞ্জামাদি সব সময় প্রস্তুত রাখিতে হইবে।

১৩। লাইসেন্সকৃত প্রাঙ্গণে কোন দুর্ঘটনা, অগ্নিকান্ড অথবা বিস্ফোরণ ঘটিলে এবং সেই দুর্ঘটনায় জীবননাশ বা ব্যক্তি অথবা সম্পত্তির ভয়ঙ্কর ক্ষতি হইলে তাহা নিকটতম ম্যাজিস্ট্রেট কিংবা নিকটতম থানার ভারপ্রাপ্ত অফিসারকে এবং প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, ঢাকাকে সম্ভাব্য দ্রুততম পন্থায় অবহিত করিতে হইবে।

১৪। সিএনজি রিফুয়েলিং স্টেশনের মধ্যে অননুমোদিত কোন ব্যক্তি প্রবেশ বা অবস্থান করিতে না পারে সেইদিকে যথেষ্ট সতর্কতা অবলম্বন করিতে হইবে।

১৫। রিফুয়েলিং স্টেশনে গ্যাস সংকোচন এবং সিলিন্ডারে বা আধারে ভর্তির কাজে ব্যবহৃত বৈদ্যুতিক সরঞ্জাম, যেমন—কম্প্রেসার, সুইচ, বাতি ইত্যাদি ব্রিটিশ স্টান্ডার্ড স্পেসিফিকেশন নং ৪৬৮৩ অনুসারে নির্মিত বিস্ফোরণ-নিরোধী ধরনের হইবে।

১৬। সিএনজি রিফুয়েলিং স্টেশনে গ্যাস সংকোচন, স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী হিসাবে সিএনজি সরবরাহ ইত্যাদি সকল কার্যক্রম একজন উপযুক্ত ব্যক্তি কর্তৃক বা তাঁহার অধীনে পরিচালিত হইবে যিনি এই লাইসেন্সেরে শর্তাবলী সম্পর্কে বিশেষভাবে অবহিত থাকিবেন।

১৭। লাইসেন্সকৃত প্রাঙ্গণে কর্মরত প্রত্যেক ব্যক্তি অগ্নিকান্ড অথবা বিস্ফোরণ ঘটাইতে পারে এমন কোন কার্য করিবেন না বা করিতে চেষ্টা করিবেন না অথবা কাহাকেও করিতে দিবেন না। প্রত্যেকে লাইসেন্সের শর্তাবলী পালন করিবেন অগ্নিকান্ড এবং বিস্ফোরণজনিত দুর্ঘটনা প্রতিরোধকল্পে সকল পূর্ব সতর্কতা অবলম্বন করিবেন।

১৮। সংকুচিত প্রকৃতিক গ্যাস (সিএনজি) বিধিমালা, ২০০৫ এর বিধি ১০০তে উল্লিখিত কর্মকর্তাকে লাইসেন্সকৃত প্রাঙ্গণে সকল যুক্তিসঙ্গত সময়ে প্রবেশ করিতে দিতে হইবে এবং বিধানাবলী ও লাইসেন্সের শর্তাবলী যথাযথভাবে পালন করা হইতেছে কি না নিরূপণের জন্য উক্ত কর্মকর্তাকে সকল সুযোগ-সুবিধা দিতে হইবে।

ফরম-জ

[ বিধি ৮৭(৬) দ্রষ্টব্য ]

নির্মাণ সম্পন্নকরণ প্রতিবেদন ও অঙ্গিকারপত্র

আমি দরখাস্তকারী এই মর্মে অবহিত করিতেছি যে,—

(ক) ........................................ স্থাপিত সিএনজি রিফুয়েলিং স্টেশন ও তদস্থিত প্রাঙ্গণ প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ কর্তৃক অনুমোদিত নকশা নম্বর ............... তারিখ .............................. সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) বিধিমালা, ২০০৫ অনুসারে নির্মাণ করা হইয়াছে ;

(খ) উক্ত বিধিমালার বিধি ৯(১) অনুসারে নিরাপত্তা লেবেল, বিধি ৯(২) অনুসারে একটি সাইন বোর্ড, বিধি ৯(৩) অনুসারে লাইসেন্স নম্বর প্রাঙ্গণে লটকানো হইয়াছে ; এবং

এই মর্মে অঙ্গিকার করিতেছি যে,—

(ক) সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) বিধিমালা, ২০০৫ এর বিধি ১০০ অনুসারে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা চাহিবামাত্র মূল লাইসেন্স বা উহার প্রামাণিক অনুলিপি দেখাইতে বাধ্য থাকিব ;

(খ) উক্ত বিধিমালার বিধি ১৩ অনুসারে সিএনজি রিফুয়েলিং স্টেশন সংক্রান্ত বিধি-বিধান ও লাইসেন্সের শর্তাবলী সম্পর্কে সম্যক ধারণাসম্পন্ন একজন যোগ্য ব্যক্তির তত্ত্বাবধানে পরিচালিত হইবে ;

(গ) উক্ত বিধিমালা বিধি ১০১ এর বিধান অনুসারে উদ্দেশ্যে প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা এবং সংশ্লিষ্ট বিস্ফোরক পরিদর্শকের টেলিফোন নম্বরসহ তাঁহাদের দপ্তরের পূর্ণ ঠিকানা লাইসেন্সকৃত সিএনজি রিফুয়েলিং স্টেশনে সংরক্ষণ করা হইবে।

তারিখ ঃ......................... দরখাস্তকারীর নাম ও স্বাক্ষর

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ আব্দুর রশীদ**

যুগ্ম-সচিব।

মোঃ নূর-নবী, উপ-নিয়ন্ত্রক (উপ-সচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।